*For Management in Hospital follow National Covid-19 Management Guideline*

**Discharge criteria**

1. Resolution of fever without the use of fever-reducing medications e.g paracetamol for at least 3 (three) days
2. Significant improvement in the respiratory symptoms (e.g., cough, shortness of breath) for 3 days,
3. After discharge, continue home or facility isolation for the duration which extends from the day of symptom onset to 21th day for hospitalized patients
4. For severe or critical patients – physician's discretion

**Medication after discharge**

- Treatments for symptoms can be applied if patients have mild cough, poor appetite, thick tongue coating, etc.
- Antiviral drugs can be used after discharge for patients with multiple lung lesions in the first 3 days after their RT-PCR test is negative.

**সাধারণ ব্যবস্থাপনা**

- পূর্ণ বিশ্রাম- বিছানায় পূর্ণ বিশ্রাম এবং সেরে ওঠার জন্য সেবা প্রদান
- যথাযথ ক্যালরি গ্রহণ নিশ্চিত করা
- শরীরে পানি ও ইলেকট্রোলাইটের ভারসাম্য পর্যবেক্ষণ
- প্রাণ ধারণে অত্যাবশ্যকীয় চিহ্ন ও অক্সিজেন স্যাচুরেশন পর্যবেক্ষণ
- সময়মত ও যথাযথভাবে প্রথমে ধীরগতিতে শুরু করে অক্সিজেনের প্রবাহ নিশ্চিত করা, নাকের ক্যাথিটার ও মাস্কের ব্যবস্থা করা। প্রয়োজনে নাক দিয়ে উচ্চ প্রবাহের অক্সিজেন প্রদান
- সংকটাপন্ন রোগীকে অবশ্যই যত দ্রুত সম্ভব নিবিড় পরিচর্যা কেন্দ্রে নিতে হবে।

**ফলো-আপ**

- শ্বাসকষ্ট, বুকে ব্যথা, কফসহ বা কফ ছাড়া স্থায়ী কাশি বা আরও অবনতি ঘটা, কাশির সাথে রক্ত আসা- ইত্যাদির দিকে নজর রাখতে হবে।

**রোগীর কখন দ্রুত হাসপাতালের চিকিৎসাসেবা প্রয়োজন?**

- ○ শ্বাসকষ্ট হলে
- ○ জ্বর ও কাশির অবনতি ঘটলে
- ○ মানসিক অবস্থার হেরফের হলে
- ○ প্রচন্ড অবসাদ দেখা দিলে

**হাসপাতালে ভর্তির শর্তাবলী**

- সন্দেহকৃত বা শনাক্ত সকল কোভিড-১৯ রোগী।
- মৃদু রোগ সাথে বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি (ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হৃদযন্ত্রের সমস্যা, শ্বাসতন্ত্রের সমস্যা যেমন এজমা/ সিওপিডি/ আইএলডি কিডনি বা লিভারের রোগে আক্রান্ত, ক্যান্সার, ঝুঁকিপূর্ণ গর্ভবতী স্থূলকায় ব্যক্তি (বিএমআই>২৫) এবং বাড়িতে আইসোলেশনে থেকে অবস্থার অবনতি ঘটছে এমন সকল রোগী
- মাঝারী রোগাক্রান্ত- যাদের ক্লিনিক্যাল ও রেডিওলজিক্যাল পরীক্ষায় নিউমোনিয়ার চিহ্ন আছে সাথে সিআরবি ৬৫ এর স্কোর ১ বা তার বেশী।
- মারাত্মক নিউমোনিয়া
- এআরডিএস সেপসিস সেপটিক শক
- হাইপোক্সিয়া

**হাসপাতাল থেকে ছাড় পাবার শর্তাবলী**

১। জ্বর কমানোর কোনরকম ওষুধ (যেমন প্যারাসিটামল) ছাড়াই কমপক্ষে ৩ দিন জ্বর না আসা

২। তিন দিন যাবত শ্বাস প্রশ্বাসজনিত লক্ষণগুলোর উল্লেখযোগ্য উন্নতি (যেমন, কাশি, শ্বাসকষ্ট)

৩। হাসপাতালে ভর্তি রোগীদের ক্ষেত্রে হাসপাতাল থেকে ছুটির পরে, উপসর্গের শুরুর দিন থেকে আরম্ভ করে ২১তম দিন পর্যন্ত বাড়িতে বা সুবিধাসম্পন্ন স্থানে রোগীকে আইসোলেশনে রাখতে হবে

৪। গুরুতর বা সংকটাপন্ন রোগীদের ক্ষেত্রে - চিকিৎসকের বিচক্ষণতা অনুযায়ী সিদ্ধান্ত নিতে হবে

**সেরে ওঠার পরে ওষুধ**

- যদি রোগীদের হালকা কাশি, ক্ষুধামন্দা, জিভের ওপর আস্তরণ ইত্যাদি থাকে তবে লক্ষণভিত্তিক চিকিৎসা যেতে পারে

**Follow-up**

- A specialized doctor should be arranged for each discharged patient's follow-ups. The first follow-up call should be made within 48 hours after discharge. The outpatient follow-up will be carried out 1 week, 2 weeks, and 1 month after discharge. Follow-up phone calls should be made 3 and 6months after discharge.

**Home isolation**

WHO recommends that suspected cases of COVID-19 infection be isolated and monitored in a hospital setting. However, for several possible reasons, including situations when inpatient care is unavailable or unsafe (i.e. limited capacity and resources unable to meet demand for health care services), or in a case of informed refusal of hospitalization, home settings for health care provision may need to be considered.

**Recommendations for cases**

***Monitor your symptoms***

- Record your temperature if you have fever
- Seek prompt medical attention if your illness is worsening (e.g., difficulty breathing).

***If symptoms worsen or new symptoms appears***

Before seeking care, call ahead your healthcare provider and tell them that you have, or are being evaluated for, COVID-19 infection.

This will help the healthcare provider's office take steps to keep other people from getting infected or exposed.

- Put on a facemask while you travel and before you enter the facility.
- Avoid public transportation, if possible; use an ambulance or a private vehicle for transport, and open the windows of the vehicle if possible.
- Always perform respiratory hygiene and hand hygiene; keep a distance of at least 1 meter (3 feet), when in transit and when in the health care facility.
- Any surfaces that become soiled with respiratory secretions or body fluids during transport should be cleaned and disinfected as mentioned above.

***Stay at home except to get medical care***

- Restrict activities outside home, except for getting medical care.
- Do not go to work, school, or public areas.
- Do not use public transportation, ride-sharing, or taxis.

***Separate yourself from other people in your home***

- Stay in a well-ventilated specific single room and away from other peoples at

- ফুসফুসে একাধিক ক্ষত থাকা রোগীদের হাসপাতাল থেকে ছুটির পরে আরটি-পিসিআর পরীক্ষা নেগাটিভ হওয়ার পরে প্রথম ৩ দিনের মধ্যে অ্যান্টিভাইরাল ওষুধগুলি ব্যবহার করা যেতে পারে

**ফলো আপ**

- প্রতিটি অব্যাহতিপ্রাপ্ত রোগীর ফলো-আপের জন্য বিশেষজ্ঞ ডাক্তারের ব্যবস্থা করা উচিত। প্রথম ফলোআপটি হাসপাতাল থেকে ছুটির ৪৮ ঘন্টার মধ্যে করা উচিত। তারপর ১ সপ্তাহ, ২ সপ্তাহ এবং ১ মাস পরে বহির্বিভাগে রোগীদের ফলোআপ করতে হবে। রোগীর অবস্থা ফলোআপ ফোন কলগুলি পরবর্তী ৩ এবং ৬ মাস পরে করা উচিত।

**বাড়ীতে আইসোলেশনঃ**

বিশ্ব স্বাস্থ্য সংস্থা-র নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ আক্রান্ত হয়েছে এমন সন্দেহকৃত রোগীদের পৃথকীকরণ, চিকিৎসা ও মনিটরিং হাসপাতালে হওয়া উচিৎ। কিন্তু, বিভিন্ন কারণে, যেমন- হাসপাতালের অভ্যন্তরীণ চিকিৎসাসেবা ব্যবস্থা যদি অপ্রতুল হয় অথবা রোগী যদি হাসপাতালে থাকতে রাজী না হয় ইত্যাদি ক্ষেত্রে এ সকল রোগীদের বাড়ীতে স্বাস্থ্য সেবা/ পরিচর্যার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

**রোগীদের জন্য নির্দেশনা**

***আপনার উপসর্গগুলো সতর্কতার সাথে খেয়াল করুন***

- জ্বর থাকলে নিয়মিত তাপমাত্রা পরিমাপ করুন।
- যদি নতুন উপসর্গ দেখা দেয় বা আগের উপসর্গের অবনতি হয় (যেমন-শ্বাসকষ্ট দেখা দেয়), তবে অতি দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন।

***যদি নতুন উপসর্গ দেখা দেয় বা আগের উপসর্গের অবনতি হয়***

চিকিৎসকের/স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে যাওয়ার পূর্বে তাদের সাথে ফোনে যোগাযোগ করুন এবং আপনি যে কোভিড-১৯ এ আক্রান্ত সন্দেহভাজন রোগী তা জানান। আপনি পূর্বেই জানালে অন্য সুস্থ ব্যক্তিরা যেন আক্রান্ত না হয়/ সংস্পর্শে না আসে -এ ব্যাপারে স্বাস্থ্যসেবা প্রদানকারীর পক্ষে সাবধানতা অবলম্বন করা সম্ভব হবে।

- ভ্রমণের সময় এবং স্বাস্থ্যকেন্দ্রে প্রবেশের পূর্বে মুখে মাস্ক ব্যবহার করুন।
- গণপরিবহন ব্যবহার করা থেকে বিরত থাকুন এবং সম্ভব হলে এ্যাম্বুলেন্স / নিজস্ব পরিবহন ব্যবহার করে স্বাস্থ্যকেন্দ্রে যাবেন এবং যাত্রাকালীন সময়ে পরিবহনের জানালা খোলা রাখুন।
- সর্বদা শ্বাসতন্ত্রের স্বাস্থ্যবিধি (বিশেষ করে- কাশি শিষ্টাচার) মেনে চলুন, হাত উপরের নিয়মে পরিচ্ছন্ন রাখুন এবং চলাচলের সময় ও স্বাস্থ্যকেন্দ্রে অবস্থানকালে অন্যদের থেকে ১ মিটার (৩ ফিট) দূরত্ব বজায় রাখুন।
- শ্বাসতন্ত্র/ অন্য কোন প্রদাহের (সর্দি, থুতু, কাশি, বমি ইত্যাদি) কারণে যদি যানবাহনের কোন অংশ নোংরা হয়, তবে উপরের বর্ণিত নিয়মানুযায়ী জীবাণুমুক্ত করুন।

home. If that is not possible, maintain a distance of at least 1 m (3 feet) from the healthy person (e.g. sleep in a separate bed).

- Also, use a separate bathroom, if available. If not possible, minimize shared space and ensure well ventilation (e.g. keep windows open).
- Continue breastfeeding if you are a lactating mother. Wear a medical mask when you are near the baby and perform careful hand hygiene before close contact with the baby.

***Wear a facemask***

- Wear a facemask when around other people (e.g., sharing a room or vehicle) and before entering a healthcare provider's office or health care Centre.
- If not able to wear a facemask (for example, because it causes trouble breathing), then people who live in the same house should wear a facemask if they enter your room.
- Masks should not be touched or handled during use.
- If the mask gets wet or dirty with secretions, it must be changed immediately.
- Discard the mask after use and perform hand hygiene after removal of the mask.

***Clean your hands***

- Wash your hands with soap and water for at least 20 seconds (preferred if visibly dirty hands) or alcohol-based hand sanitizer.
- Avoid touching your eyes, nose, and mouth with unwashed hands.
- When using soap and water, disposable paper towels to dry hands is desirable. If not available, use dedicated cloth towels and replace them when they become wet.

***Cover your coughs and sneezes***

- Cover your mouth and nose with a tissue/ medical masks/ cloth masks/ flexed elbow, followed by hand hygiene (see above) when you cough or sneeze.
- If tissue is used, throw used tissues in a lined trash-can.
- If cloth is used, wash it using regular soap or detergent and water

***Avoid sharing personal household items***

- You should not share dishes, drinking glasses, cups, eating utensils, towels, or bedding with other people in your home.
- After using these items, they should be washed thoroughly with soap and water.

***চিকিৎসা সেবা নেয়া ব্যতীত নিজ বাড়ীতে থাকুন***

- হাসপাতালে চিকিৎসা সেবা নেয়া ব্যতীত বাড়ীর বাইরে যাবেন না।
- বাড়ীর বাইরে কাজে, স্কুল, কলেজ অথবা জনসমাগমে যাওয়া থেকে বিরত থাকুন।
- গণপরিবহন ব্যবহার, অন্যদের সাথে একই যানবাহন অথবা ট্যাক্সি ব্যবহার থেকে বিরত থাকুন।

***বাড়ীর অন্যান্য সদস্যদের থেকে আলাদা থাকুন***

- আলো বাতাসের সুব্যবস্থা সম্পন্ন আলাদা ঘরে থাকুন এবং অন্যান্য সদস্যদের থেকে আলাদাভাবে থাকুন। তা সম্ভব না হলে, অন্যদের থেকে অন্তত ১ মিটার (৩ ফুট) দুরে থাকুন (ঘুমানোর জন্য পৃথক বিছানা ব্যবহার করুন)।
- যদি সম্ভব হয় তাহলে আলাদা গোসলখানা এবং টয়লেট ব্যবহার করুন। সম্ভব না হলে, অন্যদের সাথে ব্যবহার করতে হয় এমন স্থানের সংখ্যা কমান ও ঐ স্থানগুলোতে জানালা খুলে রেখে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা করুন।
- বুকের দুধ খাওয়ান এমন মা বুকের দুধ খাওয়াবেন। শিশুর কাছে যাওয়ার সময় মাস্ক ব্যবহার করুন এবং ভালভাবে হাত ধুয়ে নিন।

***মাস্ক ব্যবহার করুন***

- জনসমাগমে (ঘরে অথবা যানবাহনে) এবং কোন স্বাস্থ্য সেবা কেন্দ্রে প্রবেশ করার পূর্বে মাস্ক ব্যবহার করুন।
- রোগীর মুখে মাস্ক পরা সম্ভব না হলে (যদি মাস্কের কারণে শ্বাসকষ্ট হয়) বাড়ীর অন্যান্য সদস্যরা রোগীর ঘরে প্রবেশের পূর্বে মুখে মাস্ক পরবেন।
- মাস্ক পরে থাকাকালীন এটি হাত দিয়ে ধরা থেকে বিরত থাকুন।
- মাস্ক ব্যবহারের সময় প্রদাহের (সর্দি, থুতু, কাশি, বমি ইত্যাদি) সংস্পর্শে আসলে সঙ্গে সঙ্গে মাস্ক খুলে ফেলুন এবং নতুন মাস্ক ব্যবহার করুন।
- মাস্ক ব্যবহারের পর ঢাকনাযুক্ত ময়লার পাত্রে ফেলুন এবং সাবান পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে নিন।

***হাত ধোয়া***

- হ্যান্ড স্যানিটাইজার দিয়ে অথবা সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধুবেন (বিশেষ করে যদি হাত দেখতে নোংরা লাগে সাবান-পানি ব্যবহার করুন)।
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেন না।
- সাবান-পানি ব্যবহারের পর টিস্যু দিয়ে হাত শুকনো করে ফেলুন। টিস্যু না থাকলে শুধু হাত মোছার জন্য নির্দিষ্ট তোয়ালে/ গামছা ব্যবহার করুন এবং ভিজে গেলে বদলে ফেলুন।

***মুখ ঢেকে হাঁচি কাশি দিন***

- হাঁচি কাশির সময় টিস্যু পেপার/ মেডিকেল মাস্ক/ কাপড়ের মাস্ক/ বাহুর ভাঁজে মুখ ও নাক ঢেকে রাখুন এবং উপরের নিয়মানুযায়ী হাত পরিষ্কার করুন।
- টিস্যু পেপার ও মেডিকেল মাস্ক ব্যবহারের পর ঢাকনাযুক্ত বিনে ফেলুন
- কাপড়ের মাস্ক ব্যবহার করলে কাপড় কাচা সাবান/গুড়া সাবান দিয়ে কাপড়টি পরিষ্কার করে ফেলুন।

***Discontinuing home isolation***

- Patients with suspected COVID-19 infection should remain under home quarantine/isolation precautions until the risk of secondary transmission to others is thought to be low.
- The decision to discontinue home isolation precautions should be made on a case-by-case basis, in consultation with healthcare providers. Current information on COVID-19 is limited; thus, home precautions are for 2-weeks.

***Some tips to utilize isolation period***

It is difficult to pass time during this period, here some ways are suggested-

- Learn about coronavirus. You can check for websites of WHO, CDC, IEDCR for related information and also for regular updates.
- Keep in touch with family members and friends via telephone, email or social media.
- Reassure young children using age-appropriate language. Provide them with play-items as necessary and ensure disinfection of toys.
- Where possible, keep up normal daily routines, such as eating and exercise.
- Arrange to work from home if possible.
- Do things that help you relax and use isolation as an opportunity to do activities you don't usually have time for, e.g. recreational activities- reading books, listening music, watching movies and any other that can be done ensuring above mentioned precautions.

**Recommendations for caretakers**

- One person who is in a good health and without risk conditions, should be assigned as caretaker.
- No visitor is allowed.
- Caretaker must perform hand hygiene -
  - After each contact with ill persons or their immediate environment.
  - before and after preparing food,
  - before eating,
  - after using the toilet,
  - before and after removing gloves.
  - and, whenever hands look dirty.
- Use disposable gloves and masks to provide oral or respiratory care and when handling stool, urine and waste. Avoid direct contact with body fluids.
- Gloves, tissues, masks and other waste generated by ill persons or in the care of ill persons should be placed in a lined container in the ill person's room before disposal with other household waste. Burn out the waste and do not dump it openly.
- Clean and disinfect frequently touched surfaces (such as bedside tables,

***ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী অন্য কারো সাথে ভাগাভাগি করে ব্যবহার করবেন না***

- আপনার খাওয়ার তৈজসপত্র- থালা, গ্লাস, কাপ ইত্যাদি, তোয়ালে, বিছানার চাদর অন্য কারো সাথে ভাগাভাগি করে ব্যবহার করবেন না ।
- এ সকল জিনিসপত্র ব্যবহারের পর সাবান-পানি দিয়ে ভালোভাবে পরিষ্কার করে ফেলুন।

***কখন আপনার আইসোলেশন শেষ হবে?***

- কোভিড-১৯ এ আক্রান্ত সন্দেহভাজন রোগী/ রোগীর সংস্পর্শে আসা ব্যক্তি ততদিন পর্যন্ত বাড়ীতে আইসোলেশনে থাকবেন যতদিন তাদের থেকে অন্যদের সংক্রমণের (২য় পর্যায়ের সংক্রমণ) সম্ভাবনা কমে না যায়।
- চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আপনার আইসোলেশন শেষ হবে। চিকিৎসকের সিদ্ধান্তমতে একজন হতে অন্যজনের আইসোলেশন-এর সময়সীমা আলাদা হতে পারে। তবে, এ পর্যন্ত পাওয়া তথ্য-উপাত্তের ভিত্তিতে এ সময়সীমা ১৪ দিন।

***আপনি আইসোলেশনে থাকাকালীন যা করতে পারেন-***

- কোভিড-১৯ সম্পর্কে জানতে পারেন। WHO, CDC, IEDCR এর ওয়েবসাইটে এ সংক্রান্ত হালনাগাদ তথ্য পেতে পারেন।
- পরিবার ও বন্ধু-বান্ধবের সাথে ফোন/মোবাইল/ ইন্টারনেটের সাহায্যে যোগাযোগ রাখুন।
- শিশুকে তার জন্য প্রযোজ্যভাবে বুঝান। তাদেরকে পর্যাপ্ত খেলার সামগ্রী দিন এবং খেলনাগুলো পরে জীবাণুমুক্ত করুন।
- আপনার দৈনন্দিন রুটিন, যেমন- খাওয়া, হালকা ব্যায়াম ইত্যাদি মেনে চলুন।
- সম্ভব হলে বাসা থেকে অফিসের কাজ করতে থাকুন।
- মনকে প্রশান্ত করে এমন কাজ করুন। এই সময়কে সুযোগ হিসেবে কাজে লাগান, সাধারণত যা করার অবসর হয় না- বই পড়া, গান শোনা, সিনেমা দেখা অথবা উপর্যুক্ত নিয়মগুলোর সাথে পরিপন্থী নয় এমন যে কোন বিনোদনমূলক কাজে নিজেকে সম্পৃক্ত করুন বা ব্যস্ত রাখুন।

**পরিচর্যাকারীদের জন্য নির্দেশাবলী**

- বর্তমানে সুস্থ আছেন এবং যার উপরে উল্লিখিত রোগসমূহ নেই, এমন একজন নির্দিষ্ট ব্যক্তিকে পরিচর্যাকারী হিসেবে নিয়োজিত হওয়া উচিৎ।
- সন্দেহজনক রোগীর সাথে কোন অতিথিকে দেখা করতে দিবেন না।
- পরিচর্যাকারী নিম্নলিখিত যে কোন কাজ করার পর প্রতিবার উপরের নিয়মে দুই হাত পরিষ্কার করবেন-
  - রোগীর সংস্পর্শে এলে বা তার ঘরে ঢুকলে
  - খাবার তৈরীর আগে ও পরে
  - খাবার আগে
  - টয়লেট ব্যবহারের পরে
  - গ্লাভস পরার আগে ও খোলার পরে
  - যখনই হাত দেখে নোংরা মনে হয়
- রোগী পরিচর্যার সময় এবং রোগীর মল-মূত্র বা অন্য আবর্জনা পরিষ্কারের সময় একবার ব্যবহারযোগ্য (ডিসপোজেবল) মেডিকেল মাস্ক ও গ্লাভস ব্যবহার করুন।

bedframes, and other bedroom furniture) and bathroom and toilet surfaces daily with regular household disinfectant containing a diluted bleach solution (20 gram, i.e., 2 tablespoonful bleach added to one liter of water). This solution can be used for a maximum of 24 hours.

- Clean clothes, bedclothes, bath and hand towels, etc. of ill persons using regular laundry soap and water and dry thoroughly.
- Place contaminated linen into a laundry bag. Do not shake soiled laundry and avoid direct contact of the skin and clothes with the contaminated materials.
- Use disposable gloves and protective clothing (e.g. plastic aprons) when cleaning or handling surfaces, clothing or linen soiled with body fluids. Perform hand hygiene afterwards.

**Special considerations for pregnant patients**

1. Pregnant women with suspected or confirmed COVID-19 infection should be treated with supportive therapies as described above, taking into account the physiologic adaptations of pregnancy.
2. The use of investigational therapeutic agents outside of a research study should be guided by individual risk-benefit analysis based on potential benefit for mother and safety to fetus, with consultation from an obstetric specialist and ethics committee.
3. Emergency delivery and pregnancy termination decisions are challenging and based on many factors: gestational age, maternal condition, and fetal stability. Consultations with obstetric, neonatal, and intensive care specialists (depending on the condition of the mother) are essential.

*Caring for infants and mothers with COVID-19: IPC and breastfeeding (Check out pediatrics and OGSB guideline in DGHS website)*



*Image source: google.com*

খালি হাতে রোগী বা ঐ ঘরের কোন কিছু স্পর্শ করবেন না।

- রোগীর ব্যবহৃত বা রোগীর পরিচর্যায় ব্যবহৃত মাস্ক, গ্লাভস, টিস্যু ইত্যাদি অথবা অন্য আবর্জনা রোগীর রুমে রাখা ঢাকনাযুক্ত ময়লার পাত্রে রাখুন। আবর্জনা উন্মুক্ত স্থানে না ফেলে পুড়িয়ে ফেলুন।
- ঘরের মেঝে, আসবাবপত্রের সকল পৃষ্ঠতল, টয়লেট ও বাথরুম প্রতিদিন অন্তত একবার পরিষ্কার করুন। পরিষ্কারের জন্য ১ লিটার পানির মধ্যে ২০ গ্রাম (২ টেবিল চামচ পরিমাণ) ব্লিচিং পাউডার মিশিয়ে দ্রবণ তৈরী করুন ও ঐ দ্রবণ দিয়ে উক্ত সকল স্থান ভালোভাবে মুছে ফেলুন। তৈরীকৃত দ্রবণ সর্বোচ্চ ২৪ ঘন্টা পর্যন্ত ব্যবহার করা যাবে।
- রোগীর কাপড়, বিছানার চাদর, তোয়ালে ইত্যাদি ব্যবহৃত কাপড় গুড়া সাবান/ কাপড় কাচা সাবান ও পানি দিয়ে ভালোভাবে পরিষ্কার করে ফেলুন এবং পরে ভালোভাবে শুকিয়ে ফেলুন।
- নোংরা কাপড় একটি লন্ড্রি ব্যাগে আলাদা রাখুন। মল-মূত্র বা নোংরা লাগা কাপড় ঝাঁকাবেন না এবং নিজের শরীর বা কাপড়ে যেন না লাগে তা খেয়াল করুন।
- রোগীর ঘর/টয়লেট/বাথরুম/কাপড় ইত্যাদি পরিষ্কারের পূর্বে একবার ব্যবহারযোগ্য (ডিসপোজেবল) গ্লাভস ও প্লাস্টিক এপ্রোন পরে নিন এবং এ সকল কাজ শেষে উপরের নিয়মে দুই হাত পরিষ্কার করুন।

**গর্ভবতী মায়েদের জন্য বিশেষ বিবেচ্য**

১. যেসব মায়েদের কোভিড-১৯ সন্দেহ করা হচ্ছে বা নিশ্চিত হয়েছে তাদের পূর্বে উল্লেখিত উপায়ে চিকিৎসা দিতে হবে, পাশাপাশি গর্ভাবস্থায় তাদের শারীরিক সহনক্ষমতাও বিবেচনায় রাখতে হবে।

২. ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞ ও নৈতিকতা বিষয়ক বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে মা ও গর্ভস্থ শিশুর জন্য কল্যাণকর হয় এমনভাবে ঝুঁকি-উপকারিতা বিশ্লেষণ করে নতুন গবেষণালব্ধ ওষুধ ব্যবহার করা উচিত। তবে এ ওষুধ গবেষণা চলাকালীন ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৩. জরুরী প্রসব বা গর্ভাবস্থার অবসান ঘটানো- এগুলো খুবই কঠিন সিদ্ধান্ত যা অনেক কিছুর ওপর নির্ভর করে। যেমন, গর্ভাবস্থার মেয়াদ, মায়ের অবস্থা, গর্ভস্থ সন্তানের স্থিতিশীলতা ইত্যাদি। ধাত্রীবিদ্যা, নবজাতক ও নিবিড় পরিচর্যা বিষয়ক বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করে নেয়া খুবই জরুরী।

*কোভিড -১৯ আক্রান্ত শিশু এবং মায়েদের যত্ন: আইপিসি এবং বুকের দুধ খাওয়ানো বিষয়ে (ডিজিএইচএস ওয়েবসাইটে পেডিয়াট্রিক্স এবং ওজিএসবি গাইডলাইন দেখুন)*

# WASTE MANAGEMENT [WHO-2019-NCOV-IPC_WASH-2020.3-ENG]

All health-care waste produced during patient care, including those with confirmed COVID-19 infection, is considered to be infectious (infectious, sharps and pathological waste) and should be collected safely in clearly marked lined containers and sharpsafe boxes. This waste should be treated, preferably on-site, and then safely disposed. Waste generated in waiting areas of health-care facilities can be classified as non-hazardous and should be disposed in strong black bags and closed completely before collection and disposal by municipal waste services.

**COVID-19 Isolation Wards / Test Centres and Laboratories:**
Used masks (including triple layer mask, N95 mask, etc) have to be discarded and collected in separate 'yellow colour coded plastic bags' (suitable for biomedical waste collection). They have to be handed over to the waste collector engaged by common biomedical waste treatment facility (CBWTF) operator at the doorstep and should be incinerated.

**Quarantined homes or other households:**
Used masks should be kept in a paper bag for a minimum of 72 hours prior to their disposal as general waste. It is also advised to cut the masks prior to disposal to prevent their reuse.

**From containment zones / hotspots and sealed regions (ie red and orange zones):**
Used masks among others (gloves, aprons, head cover etc) should be disposed and collected separately by the waste collectors and have to be incinerated or buried at a depth of at least 10 feet from the Earth's surface in order to prevent infection. Also, the sanitation staff have to be advised not to mix waste from these hotspots / containment and sealed zones with the other localities.



*Image source: google.com*

# বর্জ্য ব্যবস্থাপনা

কোভিড-১৯ শনাক্তকৃত রোগীসহ যেমন যেকোন স্বাস্থ্যসেবা হতে উৎপন্ন বর্জ্যকেই (সংক্রামক ধারালো এবং প্যাথলজিক্যাল বর্জ্য) সংক্রামক হিসেবে বিবেচনা করে সাবধানতার সাথে সংগ্রহ করে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে ফেলতে হবে। ঐ স্থানেই বর্জ্য ব্যবস্থাপনা করা শ্রেয় তারপর সাবধানে তা ফেলে দিতে হবে। স্বাস্থ্য কেন্দ্রের অপেক্ষা কক্ষে উৎপন্ন বর্জ্যগুলোকে ঝুঁকিমুক্ত হিসেবে আলাদা করে কালো শক্ত বস্তায় ভরে সম্পূর্ণভাবে বন্ধ করে ফেলতে হবে তারপর পৌর বর্জ্যব্যবস্থাপনা সেবার আওতায় তা নিষ্পন্ন করতে হবে।

**কোভিড-১৯ আইসোলেশন ওয়ার্ড/ পরীক্ষা কেন্দ্র ও গবেষণাগার-**
ব্যবহৃত মাস্কসমূহ (৩ স্তরের বা এন-৯৫ ইত্যাদি) আলাদাভাবে হলুদ রঙের প্লাস্টিক ব্যাগে (বায়োমেডিকেল বর্জ্য সংগ্রহে ব্যবহৃত) ফেলতে ও সংগ্রহ করতে হবে। এগুলো সরাসরি সাধারণ বায়োমেডিকেল বর্জ্য ব্যবস্থাপনাকারীর কাছে কেন্দ্রের দ্বারপ্রান্তেই দিয়ে দিতে হবে/ পুড়িয়ে ফেলতে হবে।

**কোয়ারেন্টিনকৃত বাসা-বাড়ী-**
ব্যবহৃত মাস্ক কমপক্ষে ৭২ ঘন্টা কাগজের ব্যাগে ফেলে রাখতে হবে তারপর সাধারণ বর্জ্যের সাথে ফেলে দেওয়া যাবে। পুনরায় ব্যবহার প্রতিরোধের জন্য মাস্কটি কেটে ফেলার পরামর্শ দেয়া হয়।

**সংক্রমিত বা সীল করে দেওয়া এলাকা (কমলা বা লাল জোন)-**
ব্যবহৃত মাস্কসহ অন্যান্য বস্তু যেমন গ্লাভস, অ্যাপ্রোন, হেড কভার ইত্যাদি পেশাদার বর্জ্য সংগ্রাহক দ্বারা তুলে নিয়ে হয় পুড়িয়ে ফেলতে হবে অথবা মাটির অন্তত ১০ ফুট গভীরে পুঁতে ফেলতে হবে যেন সংক্রমণের বিস্তার না ঘটে। এছাড়া পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনাকারীদেরও জানিয়ে দিতে হবে যাতে তারা এই লাল চিহ্নিত এলাকার বর্জ্য অন্য এলাকার বর্জ্যের সাথে মিলিয়ে না ফেলে।

## MANAGEMENT OF THE DEAD BODY

- If necessary, the bag carrying the corpse can be used as a shroud.
- Before burying the corpse of the suspected corona patient, the person trained in management should wear full protective clothing and collect saliva samples in accordance with the disinfection process and touch or remove the corpse or perform burial.
- Corpses should be touched as less as possible
- If there are any tube catheters attached to the corpse, they should be removed before
- Disposal of contaminants should be done by following all the procedures of infection control.
- Corpses cannot be cleaned or washed uncontrollably
- For burial, all the pores of the corpse (such as nose, ears, anus, etc.) should be closed tightly with cotton so that no liquid can flow out.
- At the point of death, the body should be wrapped with a plastic cover so that it does not come into contact with the outside of the cover.
- Autopsy of corpse of Covid 19 disease cannot be done
- After removal of the corpse, the patient's room should be cleaned and disinfected immediately.
- Reusable equipment should be cleaned and disinfected according to the standard procedure.
- Disinfection should be done on the day of management of funeral / burial work
- Hand sanitizer with soapy water or 70% alcohol should be used for hand hygiene.
- 0.5% hypochlorite solution should be used for cleaning inanimate objects and flat spaces.
- The corpse should be well enclosed after burial so that no wild animal can eat the corpse.
- Corona virus does not spread from incinerated remains or ashes.



*Image source: google.com*

## মৃতদেহের ব্যবস্থাপনা

- প্রয়োজনে মৃতদেহ বহনকারী ব্যাগটিকে কাফন হিসেবে ব্যবহার করা যাবে।
- সন্দেহভাজন করোনা রোগীর মৃতদেহ দাফনের পূর্বে ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা সম্পূর্ণ সুরক্ষা পোশাক পরিধান পূর্বক ও জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া মেনে মুখের লালার নমুনা সংগ্রহ এবং মৃতদেহ স্পর্শ বা সরানো বা সৎকার/ দাফন কাজ করতে হবে।
- মৃতদেহ স্পর্শ ন্যূনতম রাখতে হবে
- মৃতদেহের সাথে সংযুক্ত সকল টিউব ক্যাথেটার ইত্যাদি যদি থাকে সেগুলো সরিয়ে ফেলতে হবে।
- সংক্রমণ নিয়ন্ত্রণের সকল প্রক্রিয়া পালন করে সংযুক্ত দ্রব্যাদির নিষ্পত্তি করতে হবে।
- অনিয়ন্ত্রিতভাবে মৃতদেহ পরিষ্কার বা ধোয়া যাবেনা
- সৎকারের জন্য মৃতদেহের সকল ছিদ্রপথ (যেমন নাক-কান, পায়ুপথ ইত্যাদি) তুলা দিয়ে ভাল করে বন্ধ করে দিতে হবে যেন কোন তরল গড়িয়ে বের হতে না পারে
- মৃত্যুর স্থানেই মৃতদেহটিকে প্লাস্টিকের কভার দিয়ে এমনভাবে মুড়িয়ে রাখতে হবে যেন তা কভারের বাইরের সংস্পর্শে না আসে
- কোভিড ১৯ রোগের মৃতদেহ ময়না তদন্ত করা যাবেনা
- মৃতদেহ অপসারণের পরে, অবিলম্বে রোগীর ঘরটি পরিষ্কার ও জীবাণুমুক্ত করে নিতে হবে।
- আদর্শ পদ্ধতি অনুসারে পুনরায় ব্যবহারযোগ্য সরঞ্জামগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করে নিতে হবে।
- সৎকার/দাফন কাজ করার ব্যবস্থাপনার দিনেই জীবাণুনাশক তৈরি করতে হবে
- হাতের পরিচ্ছন্নতার জন্য সাবান পানি বা ৭০% এলকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
- জড়বস্তু ও সমতল স্থান পরিষ্কারের জন্য ০.৫% হাইপোক্লোরাইট সলিউশন ব্যবহার করতে হবে।
- মৃতদেহ দাফনের পর ভালোভাবে ঘিরে রাখতে হবে যাতে কোনো বন্যপ্রাণী মৃত দেহ ভক্ষন করতে না পারে।
- ভস্মকৃত দেহবাশেষ বা ছাই হতে করোনা ভাইরাস ছড়ায় না।

# PROTECTION GUIDELINES

The WHO's standard recommendations for the general public to reduce exposure to and transmission of this and other respiratory illnesses are as follows, which include hand and respiratory hygiene, and safe food practices:

1. Frequently clean hands by using alcohol-based hand rub or soap and water
2. Use mask always
3. Follow cough etiquette. When coughing and sneezing cover the mouth and nose with a flexed elbow or tissue – throw the tissue away immediately and wash hands
4. Avoid contact with anyone who has fever and cough (acute respiratory infections);
5. If you have fever, cough and difficulty breathing seek medical care early and share previous travel history with your healthcare provider
6. Avoiding unprotected contact with farm or wild animals
7. The consumption of raw or undercooked animal products should be avoided. Raw meat, milk or animal organs should be handled with care, to avoid cross-contamination with uncooked foods, as per good food safety practices;
8. Within health care facilities, enhance standard infection prevention and control practices in hospitals, especially in emergency departments

**Travel Advice**

WHO discourages all type of travel unless vital. In case of symptoms suggestive of respiratory illness either during or after travel, travelers are encouraged to seek medical attention and share their travel history with their health care provider.

**At the point of entries**

As per International Health Regulation the public health authorities suggested some rules at point of entry to any place /country /area (international ports--airports/ground crossing/water ports) in response of pandemic .

Here are some principal measures :

A) Screening of traveler at the point of entry :

1. Entrance must have hand wash facility, measurement of body temperature
2. Travelers must wear masks and walkthrough disinfectants, fill up 'Health Declaration form'
3. People must keep physical distance of minimum 1 metre
4. All person after disembarkation must be provided with a Health Card and must be

# প্রতিরোধমূলক নির্দেশনা

বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই রোগসহ অন্যান্য শ্বাসতন্ত্রের রোগের বিস্তার রোধ করতে কিছু নির্দেশনা দিয়েছে যা নিম্নে বর্ণিত হলো। এর মধ্যে রয়েছে হাত ও শ্বাসতন্ত্রের পরিচ্ছন্নতা ও নিরাপদ খাদ্য নিশ্চিত করা।

১. সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে ঘন ঘন দুই হাত পরিষ্কার করুন

২. সবসময় মাস্ক ব্যবহার করুন

৩. কাশি শিষ্টাচার মেনে চলুন। হাঁচি-কাশি দেয়ার সময় (টিস্যু দিয়ে বা বাহুর ভাঁজে) নাক-মুখ ঢেকে রাখুন। সাথে সাথে ঢাকনাযুক্ত পাত্রে টিস্যু ফেলে দিন এবং হাত ধুয়ে ফেলুন

৪. যার জ্বর বা কাশি আছে (শ্বাসতন্ত্রের তীব্র সংক্রমণ) তার সংস্পর্শ এড়িয়ে চলুন

৫. আপনার যদি জ্বর, কাশি এবং শ্বাসকষ্ট থাকে তাহলে দ্রুত চিকিৎসা সেবা নিন এবং স্বাস্থ্যকর্মীর কাছে আপনার ভ্রমণ ইতিহাস খুলে বলুন

৬. প্রাণীর খামারে বা বন্যপ্রাণীর কাছে অরক্ষিত অবস্থায় যাবেন না

৭. কাঁচা বা আধারান্না করা প্রাণীর মাংস খাবেন না। কাঁচা মাংস, কাঁচা দুধ ও প্রাণীর অঙ্গ সাবধানে নাড়াচাড়া করবেন যেন রান্না না করা অন্যান্য খাবারের সাথে এগুলো মিশে না যায়। নিরাপদ খাদ্য নিশ্চিত করার নিয়ম এটাই

৮. হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে বিশেষ করে জরুরি বিভাগে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করুন

**ভ্রমণ বিষয়ক পরামর্শ**

বিশ্ব স্বাস্থ্য সংস্থা গুরুত্বপূর্ণ না হলে সমস্ত ধরণের ভ্রমণকে নিরুৎসাহিত করে তবে ভ্রমণের সময় বা পরে শ্বাসতন্ত্রের সংক্রমণ এর লক্ষণ বা উপসর্গ দেখা দিলে ভ্রমণকারীদের দ্রুত স্বাস্থ্যসেবা গ্রহণ করে তাদের ভ্রমন ইতিহাস স্বাস্থ্যকর্মীদের কাছে খুলে বলার পরামর্শ দেয়া হয়েছে।

**সকল প্রবেশ পথে নির্ধারিত নীতিমালা**

আন্তর্জাতিক স্বাস্থ্য বিধিমালা অনুযায়ী জনস্বাস্থ্য কর্তৃপক্ষ মহামারীকালীন এর প্রতিরোধকল্পে যে কোন স্থান/দেশ/এলাকায় প্রবেশের সময় (আন্তর্জাতিক বন্দর-বিমানবন্দর / গ্রাউন্ড ক্রসিং / জল বন্দর) কিছু নিয়ম মেনে চলার পরামর্শ দেয়।

এখানে কিছু মূল বিষয় উলেখ করা হলো:

ক) প্রবেশের স্থানে ভ্রমণকারীদের স্ক্রিনিং:

১. প্রবেশ মুখে অবশ্যই হাত ধোয়ার সুবিধা থাকতে হবে, শরীরের তাপমাত্রা পরিমাপ করতে হবে

২. ভ্রমণকারীদের অবশ্যই মাস্ক পরতে হবে, জীবাণুনাশক ব্যবস্থা পেরিয়ে আসতে হবে, এবং "স্বাস্থ্য ডিক্লারেশন ফর্ম" পূরণ করতে হবে

৩. সবাইকে অবশ্যই শারীরিক দূরত্ব ন্যূনতম ১ মিটার বজায় রাখতে হবে

৪. বন্দর কর্তৃপক্ষ সকল অবতরণকারী ব্যক্তিকে একটি স্বাস্থ্য কার্ড সরবরাহ করবে এবং অবশ্যই যাত্রীকে সেটি বুঝিয়ে বলা হবে

explained

5. Provision of COVID 19 information leaflet (in different languages) must be ensured

B) Travelers should follow these

- o If it is not necessary avoid travelling
- o When reached travelling place

1. Stay at destination room, don't go outside without emergency
2. Do not stay longer at outside without necessity
3. Avoid crowd/visiting markets (live animals/flesh/other organs of animals)
4. Avoid handshakes and hugs
5. Avoid direct contact with sick persons/animals
6. Cook animal products (fish or meat) well
7. Use mask always
8. Frequently wash your both hands with soap water (at least for 20 seconds)
9. Monitor temperature twice daily and if .$100^{0}$ F, report to authority mentioned in Health Card

C) Travelers returning home (specially from affected countries) should follow these:

1. Keep yourself quarantined for 14 days
2. If possible use separate room, bathroom and toilet at home for at least 14 days after returning. Other wise use separate bed and keep the windows of bathroom and toilet open.
3. Measure temperature twice daily and if .$100^{0}$ F, report to authority mentioned in Health Card
4. Use mask on the way from airport to home. If possible use own transport rather than public transport and keep the windows open while moving
5. When coughing and sneezing cover the mouth and nose with a flexed elbow or tissue
6. Throw the tissue away immediately in covered dustbin and clean both the hands with soap water or hand sanitizer
7. Wash your both hands immediately after sneezing with soap water (at least for 20 seconds) regularly
8. Do not touch your face, eyes or mouth with unwashed hands
9. Avoid handshakes and hugs
10. Avoid public crowd, if need to go out of home use mask to cover your face and nose
11. Cook animal products (fish / poultry / meat ) well
12. If you get any symptom within 14 days contact for clinical help through hot line and know what to do next.
13. For mild symptoms stay home and use medical mask to cover face and nose
14. Limit the number of home care giver to one. The care giver must wear mask and should discard the mask after every contact with patient and wash hands

৫. সকল যাত্রীকে কোভিড ১৯ সম্পর্কে তথ্যসংবলিত লিফলেট সরবরাহ করা নিশ্চিত করতে হবে (বিভিন্ন ভাষায়)

খ) বিদেশ ভ্রমণকারীদের ক্ষেত্রে করণীয়

- অত্যাবশ্যক না হলে বর্তমানে বিদেশে ভ্রমণ পরিহার করা উত্তম
- গন্তব্যে পৌঁছে গেলেঃ

১. নির্দিষ্ট কক্ষে থাকুন, জরুরি প্রয়োজন ছাড়া বাইরে যাবনে না

২. প্রয়োজনের অতিরিক্ত ঘরের বাইরে অবস্থান করবেন না।

৩. বাজার (জীবিত প্রাণী / মাংস / প্রাণীর অন্যান্য অঙ্গ কেনাবেচা হয়)/জনসমাগম এড়িয়ে চলুন

৪. করমর্দন, কোলাকুলি থেকে বিরত থাকুন

৫.অসুস্থ ব্যক্তিদের/পশুপাখির সরাসরি সংস্পর্শ এড়িয়ে চলুন

৬.মাছ-মাংস ভালোভাবে রান্না করে খাবেন

৭.সবসময় মাস্ক ব্যবহার করবেন

৮.ঘন ঘন সাবান-পানি দিয়ে হাত ধুবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)

৯. প্রতিদিন দুইবার শরীরের তাপমাত্রা মাপুন এবং যদি ১০০ ডিগ্রী ফারেনহাইটের, এর বেশি হয় তাহলে স্বাস্থ্য কার্ডে উলিখিত র্কতৃপক্ষকে জানান

গ) বিদেশ থেকে আগত যাত্রীরা সবসময় নিম্নলিখিত নির্দেশনাগুলি মেনে চলবেন

১. নিজেকে ১৪ দিনের জন্য কোয়ারেন্টিনে করে রাখুন

২. ফিরে আসার পর থেকে ১৪ (চৌদ্দ) দিন বাড়ীতে আলাদা ঘর, বাথরুম ও টয়লেট ব্যবহার করুন। সম্ভব না হলে, পৃথক বিছানা ব্যবহার করুন, বাথরুম ও টয়লেটের জানালা খোলা রাখুন

৩. প্রতিদিন দুইবার শরীরের তাপমাত্রা মাপুন এবং যদি ১০০ ডিগ্রি ফারেনহাইটের, এর বেশি হয় তাহলে স্বাস্থ্য কার্ডে উলিখিত কর্তৃপক্ষকে জানান

৪.এয়ারপোর্ট থেকে বাসায় যাবার পথে গাড়ীতে মাস্ক পরবেন। সম্ভব হলে গণপরিবহন ব্যবহার না করে নিজস্ব পরিবহন ব্যবহার করুন এবং পরিবহনের জানালা খোলা রাখুন

৫. সকল সময়ে কাশি শিষ্টাচার মেনে চলবেন (হাঁচি/ কাশির সময় বাহু/ টিস্যু/ কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন)

৬. এ সময় ব্যবহৃত টিস্যু ঢাকনাযুক্ত ময়লার পাত্রে ফেলুন এবং সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে দুই হাত নিয়মিত পরিষ্কার করুন

৭. হাঁচি কাশির পরপরই/নিয়মিত সাবান ও পানি দিয়ে দুই হাত ধোবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)

৮.অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেন না

৯.করমর্দন, কোলাকুলি থেকে বিরত থাকুন

১০. জনসমাগম এড়িয়ে চলুন, বাসার বাইরে যাওয়া অত্যাবশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন

১১. মাছ-মাংস-ডিম ভালোভাবে রান্না করে খান

১২. চৌদ্দ দিনের মধ্যে লক্ষণ (জ্বর, কাশি, শ্বাসকষ্ট ইত্যাদি) দেখা দিলে প্রদত্ত-এর হটলাইন নম্বরে যোগাযোগ করুন এবং পরবর্তী করণীয় জেনে নিন

১৩. মৃদু অসুখের ক্ষেত্রে নিজ ঘরে অবস্থান

immediately after contacting with patient with soap water (at least for 20 seconds)

D) Advice for the Neighbours of travelers

It is incorrect that all people who are returning from abroad are infected with COVID-19. But for safety those who have returned from affected countries within last 14 days, please ask them to abide by the following-

1. Ask them for 'self-quarantine' or to keep separated from healthy people and to wear a medical mask constantly for 14 days
2. Request them not to move outside room unless essential
3. Request them to keep a minimum distance of 1 meter (3 feet) from healthy persons and
4. Ask them to clean both hands frequently with soap water or hand sanitizer.
5. If anyone of the returnees develop any sign-symptoms like
   - o fever (≥ 100°F),
   - o sore throat,
   - o cough,
   - o difficulty in breathing etc

Take above precautions, and advice to contact through DGHS/IEDCR hotlines immediately.

E) Advice for those having colleagues interested to return from abroad

Discourage people visiting/travelling presently in any affected country to come back to Bangladesh right now. However, if return is mandatory for a citizen, please follow the above mentioned precautions and inform about DGHS hotline.

**Recommendations for Health Care Workers**

The healthcare providers should deliver advance instructions on when and where to seek care when a contact becomes ill, what should be the most appropriate mode of transportation, when and where to enter the designated health care facility, and what infection control precautions should be followed, such as:

a. Notify the receiving medical facility that a symptomatic contact will be coming to their facility
b. While traveling to seek care, the ill person should wear a medical mask.
c. Avoid public transportation to the health care facility
d. The ill contact should be advised to perform respiratory hygiene and hand hygiene always; stand or sit as far away from others as possible (at least 1 m), when in transit and when in the health care facility
e. Appropriate hand hygiene should be employed by the ill contact and caregivers

করুন, নাক-মুখ ঢাকার জন্য মেডিকেল মাস্ক ব্যবহার করুন

১৪. পরিবারের সদস্যদের মধ্যে শুধুমাত্র নির্দিষ্ট একজন রোগীর সেবা করবেন। তিনি মেডিক্যাল মাস্ক ব্যবহার করবেন ও প্রতিবার রোগীর সংস্পর্শে আসার পর মাস্কটি ঢাকনা যুক্ত বিনে ফেলবেন এবং সাবান ও পানি দিয়ে দুই হাত ধুয়ে ফেলবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)

ঘ) বিদেশ ফেরত প্রতিবেশীদের জন্য করণীয়

বিদেশ ফেরত নাগরিক হলেই তিনি যে করোনা ভাইরাসে আক্রান্ত- এ কথা সঠিক নয়। তারপরও সুস্থতার নিরাপত্তার স্বার্থে যারা বিগত ১৪ দিনের মধ্যে প্রার্দুভাবযুক্ত দেশ থেকে এসেছেন তাদের জন্য নিম্নলিখিত সতর্কতা মেনে চলুন-

১. বিদেশ ফেরত প্রত্যেক যাত্রী বাংলাদেশে আগমনের দিন হতে ১৪ দিনের জন্য 'কোয়ারেন্টিন' -এ বা সুস্থ ব্যক্তিদের থেকে পৃথক থাকতে এবং জরুরী প্রয়োজনে ঘরের বাইরে গেলে মেডিক্যাল মাস্ক ব্যবহার করতে বলুন।

২. একান্ত প্রয়োজন না হলে তাকে ঘরের বাইরে যাওয়া থেকে বিরত থাকতে বলুন।

৩. সুস্থ ব্যক্তিদের থেকে কমপক্ষে ১ মিটার (৩ ফিট) দূরত্ব বজায় রাখতে বলুন।

৪. নিয়মিত সাবান-পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে দুই হাত পরিস্কার করতে বলুন।

৫. এদের কারো ভেতর যদি নিম্নোক্ত উপসর্গ দেখা দেয়-
   - জ্বর (১০০ ডিগ্রী ফারেনহাইট বা তার বেশি),
   - কাশি,
   - গলাব্যথা,
   - শ্বাসকষ্ট ইত্যাদি

সেক্ষেত্রে উল্লিখিত সাবধানতাগুলো মেনে চলুন এবং দেরী না করে স্বাস্থ্য অধিদপ্তরের/আইইডিসিআর এর হটলাইনে যোগাযোগ করুন।

ঙ) বিদেশ থেকে ফিরতে ইচ্ছুকদের সহকর্মীদের করণীয়:

বর্তমানে যারা প্রার্দুভাবযুক্ত দেশে অবস্থান করছেন, তাদেরকে বাংলাদেশে ফিরতে নিরুৎসাহিত করুন। যদি তাদের বাংলাদেশে প্রত্যাবর্তন অত্যাবশ্যক হয়, সেক্ষেত্রে তাদের উপরোলিখিত সতর্কতা মেনে চলার পরামর্শ দিন এবং স্বাস্থ্য অধদিপ্তর/আইইডিসিআর এর হটলাইন সম্পর্কে অবহিত করুন।

**স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নির্দেশনা**

স্বাস্থ্যসেবাদানকারীগণ আগে থেকেই নির্দেশনা জানাবেন যে কোভিড-১৯ রোগী সংস্পর্শে আসা ব্যক্তিদের কেউ অসুস্থ হয়ে পড়লে কোথায় এবং কখন স্বাস্থ্যসেবার জন্য নিতে হবে, সবচেয়ে ভালো পরিবহন কোনটি হবে, কখন এবং কোন পথ দিয়ে নির্ধারিত হাসপাতালে প্রবেশ করতে হবে এবং সংক্রমণ প্রতিরোধের জন্য কি ব্যবস্থা নিতে হবে, যেমনঃ

ক. অসুস্থ ব্যক্তি যেখানে যাবেন সেই স্বাস্থ্যসেবা কেন্দ্রকে জানাতে হবে একজন উপসর্গযুক্ত রোগী তাদের কেন্দ্রে আসছেন
খ. সেবা নেওয়ার জন্য যাত্রাপথে অসুস্থ ব্যক্তিকে মেডিক্যাল মাস্ক পরাতে হবে
গ. গণপরিবহন পরিহার করতে হবে
ঘ. অসুস্থ ব্যক্তিকে সবসময় শ্বাসতন্ত্রের ও হাতের পরিচ্ছন্নতা মেনে চলতে হবে।

f. Any surfaces that become soiled with respiratory secretions or body fluids during transport should be cleaned and disinfected with regular household containing a diluted bleach solution at 0.5% (0.5-part bleach to 99.5 part water)

g. Minimize chance for exposures. Ensure facility policies and practices are in place to minimize exposures to respiratory pathogens including COVID-19. Measures should be implemented before patient arrival, upon arrival, and throughout the duration of the affected patient's presence in the healthcare setting

h. Adherence to Standard, Contact, and Airborne Precautions, Including the Use of Eye Protection Standard Precautions assume that every person is potentially infected or colonized with a pathogen that could be transmitted in the healthcare setting

**Be careful to focus on**

a) Patient placement
b) Hand hygiene
c) Personal Protective Equipment (gloves, gowns)
d) Respiratory protection,
e) Eye protection
f) Protection while performing aerosol-generating procedures, diagnostic respiratory specimen collection
g) Manage visitor access and movement within the facility
h) Implement engineering controls
i) Monitor and manage ill and exposed healthcare personnel
j) Train and educate healthcare personnel
k) Implement environmental infection control
l) Establish reporting within healthcare facilities and to public health authorities

**Guidelines for Rational Use of Personal Protective Equipment (PPE) (Modified from WHO)**

Here we summarized WHO's recommendations for the rational use of personal protective equipment (PPE) in healthcare and community settings; in this context, PPE includes gloves, medical masks, goggles or a face shield, and gowns, as well as for specific procedures, respirators (i.e., N95 standard or equivalent) and aprons. This document provides information about when PPE use is most appropriate for individuals in healthcare and community settings.

**Purpose:**

• Biosafety and infection control.

অন্যদের কাছ থেকে কমপক্ষে ১ মিটার দূরত্বে দাঁড়াতে বা বসতে হবে, পথে বা স্বাস্থ্যসেবাকেন্দ্রে যেখানেই হোক

ঙ. রোগী এবং তার সেবাদানকারীদের দুই হাতের যথাযথ পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে

চ. পরিবহনকালীন কোন স্থানে যদি রোগীর দেহ নির্গত কোন তরল যেমন রক্ত, কফ, কাশি, লালা, ইত্যাদি পড়ে তবে দ্রুত তা পরিষ্কার করতে হবে ০.৫% বীচ দ্রবণ (০.৫ ভাগ বীচ ৯৯.৫ ভাগ পানি) দ্বারা- যা সচরাচর আমরা গৃহস্থালীতে ব্যবহার করি

ছ. কোভিড-১৯ আক্রান্তের সংস্পর্শে আসার সুযোগ হ্রাস করতে হবে। এমন ব্যবস্থা গ্রহন করতে হবে ও বজায় রাখতে হবে যেন কোভিড-১৯ সহ সকল জীবাণু মানুষের সংস্পর্শে না আসে। রোগী হাসপাতালে আসার আগে, পৌঁছানোর পর এবং অবস্থানকালীন পুরো সময়টাতে সতর্কতামূলক ব্যবস্থা বজায় রাখতে হবে

জ. প্রমিত সতর্কতা, সংস্পর্শে আসার সতর্কতা, বায়ুবাহিত রোগ বিস্তারের সতর্কতার মানদন্ডে (যেখানে চোখের সুরক্ষাও অন্তর্ভুক্ত) বলা হয়েছে প্রতিটি ব্যক্তিই হাসপাতালের ভেতরে রোগের জীবাণু (সংক্রমিত বা কেবল প্রবেশকৃত) দ্বারা সংক্রমিত হবার ঝুঁকিতে থাকেন

**তাই সাবধানতা অবলম্বন করতে হবে**

ক. রোগী রাখার স্থান নির্ণয়ে
খ. হাতের পরিচ্ছন্নতায়
গ. ব্যক্তিগত সুরক্ষা উপকরণে (গ্লাভস/ দস্তানা, গাউনস/আলখাল্লা)
ঘ. শ্বাসতন্ত্রের সুরক্ষায়
ঙ. চোখের সুরক্ষায়
চ. এরোসল (বাষ্প) তৈরী হয় এমন চিকিৎসা বা পরীক্ষায়, শ্বাসতন্ত্রের নমুনা সংগ্রহকালে
ছ. স্বাস্থ্য কেন্দ্রে / হাসপাতালে দর্শনার্থীর যাতায়াত নিয়ন্ত্রণে এবং হাসপাতালের ভেতর দর্শনার্থীদের চলাচলে
জ. সংক্রমণ নিয়ন্ত্রণে প্রকৌশল ব্যবস্থাপনা কার্যকরে
ঝ. অসুস্থ ও ঝুঁকিতে থাকা স্বাস্থ্য সেবাদানকারীদের পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনায়
ঞ. সংক্রমণ নিয়ন্ত্রণে পরিবেশগত নিয়ন্ত্রণ বাস্তবায়নে
ট. স্বাস্থ্যসেবা কেন্দ্র থেকে জনস্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করার ব্যবস্থা চালু করা

**ব্যক্তিগত সুরক্ষা পোশাক ব্যবহারের নির্দেশাবলী**

এখানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য সেবা কেন্দ্রে, গ্রাম পর্যায়ে বা জনসাধারণের মাঝে প্রয়োজন সাপেক্ষে ব্যক্তিগত সুরক্ষা পোশাক (Personal Protective Equipment) ব্যবহারের নিয়মাবলী সংক্ষেপে বর্ণনা করা হয়েছে। এখানে ব্যক্তিগত সুরক্ষা পোশাক বলতে গ্লাভস, মেডিক্যাল মাস্ক, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী, গাউন, এবং বিশেষ কার্যপদ্ধতির জন্য রেস্পিরেটর (এন ৯৫ ধরণের বা সমমানের) এবং এপ্রন বোঝানো হয়েছে। যারা স্বাস্থ্য সেবা কেন্দ্র, গ্রাম পর্যায়ে বা জনসাধারণের মাঝে কাজ করবেন, তাদের জন্য ব্যক্তিগত সুরক্ষা পোশাক ব্যবহার কখন সবচেয়ে বেশি উপযুক্ত সেই তথ্য-ও এখানে সন্নিবেশিত।

**উদ্দেশ্যঃ**

● সংক্রমণ প্রতিরোধ ও মানব-সুরক্ষা নিশ্চিত করা

**Who will use PPE, What type and When ( ব্যক্তিগত সুরক্ষা পোশাক কে, কোন ধরণের ও কখন ব্যবহার করবেন )**

**Table 1.** Recommended PPE during the outbreak of COVID-19 outbreak, according to the setting, personnel, and type of activity ( কোভিড-১৯ প্রাদুর্ভাব কালীন স্থাপনা, ব্যক্তি ও কাজের ধরণ অনুযায়ী নির্দেশিত 'ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী' (পিপিই))

| **Setting (স্থাপনা)** | **Target personnel or patients (উদ্দেশিত ব্যক্তি)** | **Activity (কার্যাবলী)** | **Type of PPE or procedure (পিপিই এর ধরণ বা পদ্ধতি)** |
|---|---|---|---|
| Health care facilities (স্বাস্থ্যসেবাকেন্দ্র) | | | |
| Inpatient facilities (অন্তর্বিভাগ) | | | |
| Screening (রোগ নির্ণয়)<br><br>Clinical triage for prioritization of care according to severity (e.g. Manchester classification) should be performed in separate area for individuals with symptoms and signs (রোগের তীব্রতা অনুযায়ী সেবার অগ্রাধিকার নিশ্চিতের জন্য ক্লিনিক্যাল ট্রায়াজ অনুসারে আলাদা উপসর্গের রোগীকে আলাদা স্থানে পরীক্ষা করতে হবে(ম্যানচেস্টার শ্রেণীবিন্যাস) ) | Health care workers (স্বাস্থ্যসেবাকর্মী) | Preliminary screening not involving direct contact (প্রাথমিকভাবে রোগ নির্ণয় সরাসরি স্পর্শে যাবেনা) | Maintain physical distance of at least 1 metre. (কমপক্ষে ১মিটার দূরত্ব বজায় রাখবেন)<br>• Ideally, build glass/plastic screens to create a barrier between health care workers and patients (রোগী ও স্বাস্থ্যসেবা কর্মীদের মাঝে কাঁচ বা প্লাস্টিকের দেয়াল তৈরী করাই আদর্শ পদ্ধতি)<br>• No PPE required (কোন পিপিই প্রয়োজন নেই).<br>• When physical distance is not feasible and yet no patient contact, use mask and eye protection (যেখানে শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় ও সরাসরি স্পর্শেও যেতে হচ্ছেনা সেক্ষেত্রে মাস্ক ও চোখের সুরক্ষা নিতে হবে). |
| | Patients with symptoms suggestive of COVID-19 ( কোভিড-১৯ এর জন্য নির্দেশিত উপসর্গসহ রোগী) | Any (যেকোন) | • Maintain physical distance of at least 1 metre. (কমপক্ষে ১মিটার দূরত্ব বজায় রাখবেন)<br>• Provide medical mask if tolerated by patient (রোগী সহ্য করতে পারলে মেডিকেল মাস্ক পরতে হবে).<br>• Immediately move the patient to an isolation room or separate area away from others; if this is not feasible, ensure spatial distance of at least 1 metre from other patients. (যত দ্রুত সম্ভব রোগীকে আইসোলেশন কক্ষে নিতে হবে বা আলাদা স্থানে নিতে হবে। যদি এটাও সম্ভব না হয় তবে অন্য রোগীদের থেকে কমপক্ষে ১ মিটার দূরত্ব বজায় রাখতে হবে। )<br>• Perform hand hygiene and have the patient perform hand hygiene (হাতের সুরক্ষা বজায় রাখতে হবে এবং রোগীর হাতও পরিষ্কার করতে হবে) |
| | Patients without symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর উপসর্গবিহীন রোগী) | Any (যেকোন) | • No PPE required (কোন পিপিই প্রয়োজন নেই).<br>• Perform hand hygiene and have the patient perform hand hygiene (হাতের সুরক্ষা বজায় রাখতে হবে এবং রোগীর হাতও পরিষ্কার করতে হবে) |
| Patient room/ward (রোগীর কক্ষ/ওয়ার্ড) | Health care workers (স্বাস্থ্যসেবা প্রদানকারী) | Providing direct care to COVID-19 patients, in the absence of aerosol- generating procedures (এরোসল বা বাষ্পীয় পদার্থ তৈরী হয়না এমন ক্ষেত্রে যিনি রোগীকে সরাসরি সেবাদান করবেন) | Medical mask, Gown, Gloves, Eye protection (goggles or face shield), Perform hand hygiene ( মেডিকেল মাস্ক, গাউন, গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী পরুন, হাত পরিষ্কার করুন।) |
| | Health care workers (স্বাস্থ্যসেবা প্রদানকারী) | Providing direct care to COVID-19 patients in settings where aerosol-generating procedures are frequently in place (এমন কোন | Respirator N95 or FFP2 or FFP3 standard, or equivalent, Gown, Gloves, Eye protection, Apron, Perform hand hygiene ( রেস্পিরেটর (এন ৯৫ ধরণের বা সমমানের) গাউন, গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী এবং |

| Setting (স্থাপনা) | Target personnel or patients (উদ্দেশিত ব্যক্তি) | Activity (কার্যাবলী) | Type of PPE or procedure (পিপিই এর ধরণ বা পদ্ধতি) |
|---|---|---|---|
| | | মেডিকেল পরীক্ষা করবেন যেখানে শ্বাসতন্ত্র হতে এরোসল/ বাষ্পীয় পদার্থ তৈরি হয়) | এপ্রন পরুন, হাত পরিষ্কার করুন। ) |
| | Cleaners (পরিচ্ছন্নকর্মী) | Entering the room of COVID-19 patients (যিনি কোভিড-১৯ রোগীর রুমে ঢুকবেন) | Medical mask, Gown, Heavy-duty gloves, Eye protection (if risk of splash from organic material or chemicals is anticipated), Closed work shoes, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, হেভি ডিউটি গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী (যদি দেহ-নির্গত পদার্থ বা রাসায়নিক দ্রব্য ছিটে লাগার ঝুঁকি থাকে), বুট/বন্ধ ওয়ার্ক শু পরুন এবং হাত পরিষ্কার করুন।) |
| | Visitors (দর্শনার্থী) | Entering the room of a COVID-19 patient (যিনি কোভিড-১৯ রোগীর রুমে ঢুকবেন) | Maintain physical distance of at least 1 metre, Medical mask, Gown, Gloves, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখবেন , মেডিকেল মাস্ক, গাউন, গ্লাভস পরুন,হাত পরিষ্কার করুন। ) |
| Areas of transit where patients are not allowed (e.g. cafeteria, corridors) (যেসব স্থানে রোগীর প্রবেশ অনুমোদিত নয়) | All staff, including health care workers (স্বাস্থ্যসেবা কর্মীসহ সকল কর্মী) | Any activity that does not involve contact with COVID-19 patients (কোভিড-১৯ রোগীর সরাসরি সংস্পর্শে আসা ব্যতীত সকল কাজ) | Maintain physical distance of at least 1 metre, No PPE required, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখুন। কোন পিপিই প্রয়োজন নেই। হাত পরিষ্কার করুন।) |
| Laboratory (ল্যাবরেটরী) | Lab technician (ল্যাবরেটরী টেকনিশিয়ান) | Manipulation of respiratory samples Specimen handling for molecular testing would require BSL-2 or equivalent facilities.Handling and processing of specimens from cases with suspected or confirmed COVID-19 infection that are intended for additional laboratory tests, such as haematology or blood gas analysis, should apply standard precautions (যিনি শ্বাসতন্ত্রের নমুনা সংগ্রহ করেন। মলিকিউলার টেস্টের জন্য যিনি নমুনা নিয়ে কাজ করেন, তার বিএসএল-২ বা সমপর্যায়ের সুবিধা প্রয়োজন। সন্দেহকৃত বা শনাক্ত কোভিড রোগীর নমুনা নিয়ে যারা কাজ করেন আরও পরীক্ষার জন্য যেমন, হেমাটলজি, বাড গ্যাস এনালাইসিস ইত্যাদি, তাদের যথাযথ সুরক্ষা ব্যবস্থা নেয়া উচিত। ) | Maintain physical distance of at least 1 metre, Medical mask, Eye protection, Gown, Gloves, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখুন। মেডিকেল মাস্ক, চোখের সুরক্ষা, গাউন, গ্লাভস পরুন, হাত পরিষ্কার করুন। ) |
| Administrative areas (প্রশাসনিক কক্ষ) | All staff, including health care workers. (স্বাস্থ্যসেবা কর্মীসহ সকল কর্মী) | Administrative tasks that do not involve contact with COVID-19 patients. (প্রশাসনিক কর্মকাণ্ড কোভিড-১৯ রোগীর সংস্পর্শে আসেনা) | Maintain physical distance of at least 1 metre, No PPE required, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখুন। কোন পিপিই প্রয়োজন নেই। হাত পরিষ্কার করুন।) |

| Outpatient facilities (বহির্বিভাগ) | | | |
|---|---|---|---|
| **Setting (স্থাপনা)** | **Target personnel or patients (উদ্দেশিত ব্যক্তি)** | **Activity (কার্যাবলী)** | **Type of PPE or procedure (পিপিই এর ধরণ বা পদ্ধতি)** |
| Screening / triage (রোগ নির্ণয়/ ট্রায়াজ এলাকা) | Health care workers (স্বাস্থ্যকর্মী) | Preliminary screening not involving direct contactc. (প্রাথমিকভাবে রোগ নির্ণয় সরাসরি স্পর্শে যাবেনা) | • Maintain physical distance of at least 1 metre. (কমপক্ষে ১মিটার দুরত্ব বজায় রাখবেন)<br>• Ideally, build a glass/plastic screen to create a barrier between health care workers and patients (রোগী ও স্বাস্থ্যসেবা কর্মীদের মাঝে কাঁচ বা প্লাস্টিকের দেয়াল তৈরী করাই আদর্শ পদ্ধতি)<br>• No PPE required (কোন পিপিই প্রয়োজন নেই )<br>• When physical distance is not feasible and yet no patient contact, use mask and eye protection. (যেখানে শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় ও সরাসরি স্পর্শেও যেতে হচ্ছেনা সেক্ষেত্রে মাস্ক ও চোখের সুরক্ষা নিতে হবে)<br>• Perform hand hygiene (হাত পরিষ্কার করুন) |
| | Patients with symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর জন্য নির্দেশিত উপসর্গসহ রোগী ) | Any (যেকোন) | Maintain spatial distance of at least 1 metre, Provide medical mask if tolerated, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে, রোগী সহ্য করতে পারলে মেডিকেল মাস্ক পরতে হবে, হাত পরিষ্কার করুন ।) |
| | Patients without symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর উপসর্গবিহীন রোগী) | Any (যেকোন) | No PPE required, Perform hand hygiene (কোন পিপিই প্রয়োজন নেই, হাতের সুরক্ষা বজায় রাখতে হবে ) |
| Waiting room (অপেক্ষা করার কক্ষ) | Patients with symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর জন্য নির্দেশিত উপসর্গসহ রোগী) | Any (যেকোন) | • Provide medical mask if tolerated (রোগী সহ্য করতে পারলে মেডিকেল মাস্ক পরতে হবে).<br>• Immediately move the patient to an isolation room or separate area away from others; if this is not feasible, ensure spatial distance of at least 1 metre from other patients (যত দ্রুত সম্ভব রোগীকে আইসোলেশন কক্ষে নিতে হবে বা আলাদা স্থানে নিতে হবে। যদি এটাও সম্ভব না হয় তবে অন্য রোগীদের থেকে কমপক্ষে ১ মিটার দূরত্ব বজায় রাখতে হবে).<br>• Have the patient perform hand hygiene (হাতের সুরক্ষা বজায় রাখতে হবে এবং রোগীর হাতও পরিষ্কার করতে হবে) |
| | Patients without respiratory symptoms (কোভিড-১৯ এর উপসর্গবিহীন রোগী) | Any (যেকোন) | No PPE required, Have the patient perform hand hygiene (কোন পিপিই প্রয়োজন নেই , হাতের সুরক্ষা বজায় রাখতে হবে এবং রোগীর হাতও পরিষ্কার করতে হবে ।) |
| Consultation room | Health care workers (স্বাস্থ্যকর্মী) | Physical examination of patient with symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর উপসর্গ-সহ রোগী শারীরিক পরীক্ষা করবেন) | Medical mask, Gown, Gloves, Eye protection, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, গ্লাভস, চোখের সুরক্ষা সামগ্রী ব্যবহার করুন, হাত পরিষ্কার করুন ।) |
| | Health care workers (স্বাস্থ্যকর্মী) | Physical examination of patients without symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর উপস-র্গবিহীন রোগী শারীরিক পরীক্ষা করবেন) | PPE according to standard precautions and risk assessment, Perform hand hygiene (প্রমিত সুরক্ষা ও ঝুঁকি পরিমাপ সাপেক্ষে পিপিই ব্যবহার করুন, হাত পরিষ্কার করুন) |
| | Patients with symptoms suggestive of COVID-19 (কোভিড-১৯ এর জন্য নির্দেশিত উপসর্গসহ রোগী) | Any (যেকোন) | Provide medical mask if tolerated, Hand hygiene and respiratory etiquette (রোগী সহ্য করতে পারলে মেডিকেল মাস্ক পরতে বলুন, হাত পরিষ্কার করুন, শ্বাসতন্ত্রের শিষ্টাচার পালন করুন ) |
| | Patients without symptoms suggestive of COVID-19 ( কোভিড-১৯ এর উপসর্গবিহীন রোগী) | Any (যেকোন) | No PPE required, Have the patient perform hand hygiene (কোন পিপিই প্রয়োজন নেই, রোগীর হাত পরিষ্কার করুন) |

| Setting (স্থাপনা) | Target personnel or patients (উদ্দেশিত ব্যক্তি) | Activity (কার্যাবলী) | Type of PPE or procedure (পিপিই এর ধরণ বা পদ্ধতি) |
|---|---|---|---|
| | Cleaners (পরিচ্ছনতাকর্মী) | After and between consultations with patients with respiratory symptoms. (শ্বাসতন্ত্রের সংক্রমণ আছে এমন রোগী দেখার শেষে ও মাঝে) | Medical mask, Gown, Heavy-duty gloves, Eye protection (if risk of splash from organic material or chemicals), Closed work shoes, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, হেভি ডিউটি গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী (যদি দেহ-নির্গত পদার্থ বা রাসায়নিক দ্রব্য ছিটে লাগার ঝুঁকি থাকে), বুট/বন্ধ ওয়ার্ক শু পরুন, হাত পরিষ্কার করুন) |
| Administrative areas (প্রশাসনিক কক্ষ) | All staff, including health care workers (স্বাস্থ্যসেবা কর্মীসহ সকল কর্মী) | Administrative tasks (প্রশাসনিক কর্মকাণ্ড কোভিড-১৯ রোগীর সংস্পর্শে আসেনা) | Maintain physical distance of at least 1 metre between staff, No PPE required, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখুন। কোন পিপিই প্রয়োজন নেই। হাত পরিষ্কার করুন) |

| Points of entry (সকল প্রবেশমুখ) | | | |
|---|---|---|---|
| Ambulance or transfer vehicle (অ্যাম্বুলেন্স বা পরিবহন) | Health care workers (স্বাস্থ্যসেবাকর্মী) | Transporting suspected COVID-19 patients to the referral health care facility (যিনি সন্দেহভাজন কোভিড-১৯ রোগীকে রেফারেল স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যেতে যিনি সহায়তা করবেন) | Medical mask, Gowns, Gloves, Eye protection, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী, হাত পরিষ্কার করুন।) |
| | Driver | Involved only in driving the patient with suspected COVID-19 disease and the driver's compartment is separated from the COVID-19 patient (যিনি কোভিড-১৯ রোগী পরিবহন করবেন এবং রোগী ও ড্রাইভারের বসার স্থান কোন দেয়াল দিয়ে পৃথকীকৃত ) | Maintain physical distance of at least 1 metre, No PPE required, Perform hand hygiene (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখুন। কোন পিপিই প্রয়োজন নেই। হাত পরিষ্কার করুন।) |
| | | Assisting with loading or unloading patient with suspected COVID-19 (যিনি কোভিড-১৯ রোগীর ওঠা-নামার কাজে সাহায্য করেছেন) | Medical mask, Gowns, Gloves, Eye protection, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী, হাত পরিষ্কার করুন।) |
| | | No direct contact with patient with suspected COVID-19, but no separation between driver's and patient's compartments (সরাসরি সংস্পর্শ নেই, কিন্তু রোগী ও ড্রাইভারের বসার স্থান কোন দেয়াল দিয়ে পৃথকীকৃত নয়) | Medical mask, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, হাত পরিষ্কার করুন) |
| | Patient with suspected COVID-19 (কোভিড-১৯ সন্দেহকৃত রোগী) | Transport to the referral health care facility. (সুপারিশকৃত স্বাস্থ্যসেবাকেন্দ্রে চলে যাবেন) | Medical mask if tolerated, Have the patient perform hand hygiene (সহ্য করতে পারলে মেডিকেল মাস্ক ব্যবহার করুন, হাত পরিষ্কার করুন) |
| | Cleaners (পরিচ্ছনতাকর্মী) | Cleaning after and between transport of patients with suspected COVID-19 to the referral health care facility. (যিনি কোভিড-১৯ রোগী পরিবহন হয়েছে ঐ গাড়ী রোগী পরিবহনের সময় বা পরে পরিষ্কার করেছেন ) | Medical mask, Gown, Heavy duty gloves, Eye protection (if risk of splash from organic material or chemicals), Boots or closed work shoes, Perform hand hygiene (মেডিকেল মাস্ক, গাউন, হেভি ডিউটি গ্লাভস, চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী (যদি দেহ-নির্গত পদার্থ বা রাসায়নিক দ্রব্য ছিটে লাগার ঝুঁকি থাকে), বুট/বন্ধ ওয়ার্ক শু পরুন, হাত পরিষ্কার করুন।) |


| Special considerations for rapid-response teams assisting with public health investigations (জনস্বাস্থ্যবিষয়ক অনুসন্ধান কাজে সহায়তায় দ্রুত সাহায্যকারী দলের জন্য বিশেষ নির্দেশনা) | | | |
|---|---|---|---|
| Anywhere (যেকোন স্থানে) | Rapid-response team investigators (দ্রুত সাহায্যকারী অনুসন্ধানী দল) | Remote interview of suspected or confirmed COVID-19 patients or their contacts (কোভিড-১৯ শনাক্ত রোগী বা তার সংস্পর্শে আসা মানুষের সাথে দূর থেকে আলাপচারিতা). | • No PPE if done remotely (e.g. by telephone or video conference) (কোন পিপিই প্রয়োজন নেই যদি ফোন বা ভিডিও কনফারেন্সে আলাপ হয়).<br>• Remote interview is the preferred method (দূর থেকে আলাপচারিতাই গ্রহণযোগ্য). |
| | | In-person interview of suspected or confirmed COVID-19 patients or contacts | • Medical mask (মেডিকেল মাস্ক)<br>• Maintain physical distance of at least 1 metre |

| | | | |
|---|---|---|---|
| | | without direct contact (কোভিড-১৯ সন্দেহকৃত বা শনাক্ত রোগী বা তার সংস্পর্শে আসা মানুষের সাথে সরাসরি সংস্পর্শে না গিয়ে আলাপচারিতা. | (কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখা).<br>• The interview should be conducted outside the house or outdoors, and confirmed or suspected COVID-19 patients should wear a medical mask if tolerated (আলাপচারিতাটি ঘরের বাইরে বা খোলা জায়গায় করতে হবে এবং রোগী সহ্য করতে পারলে তাকে মেডিকেল মাস্ক পরাতে হবে).<br>• Perform hand hygiene (হাত পরিষ্কার করতে হবে) |

## During outbreak or other special situation: Wearing (Donning) PPE
## ব্যক্তিগত সুরক্ষা পোশাক যেভাবে পরবেন (আউটব্রেক বা অন্য বিশেষ পরিস্থিতিতে)

**1. Gown**

- Fully cover body from neck to knees, arms to end of wrists, and wrap around the back.
- Fasten in neck and waist




**১. গাউন**

- গলা থেকে হাঁটু পর্যন্ত, কব্জি পর্যন্ত হাতে পুরোটুকু, ঢেকে ফেলুন এবং পিঠের দিকে বেঁধে ফেলুন।
- ঘাড়ের ও কোমরের পিছন দিকে বেঁধে ফেলুন।

**2. Respirator**

- Secure ties or elastic bands at middle of head and neck.
- Fix flexible band to nose- bridge.
- Fix snug to face and below chin.
- Fit- check respirator.





**২. রেস্পিরেটর**

- কপাল ও গলার মাঝ বরাবর এটি পরুন।
- নাকের গঠন মোতাবেক নমনীয় ব্যান্ডসহ অংশটুকু নাকের উপরে ভালোভাবে আটকে নিন।
- মাস্কের নিচের নরম অংশটুকু মুখ ও থুতনির নিচ দিয়ে ভালোভাবে আটকে নিন।
- রেস্পিরেটর ভালোভাবে আটকিয়েছে কিনা পরীক্ষা করে নিন।

**3. Goggles or face shield**

- Place over face and eyes and adjust to fit.



**৩. চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী**

- মুখ ও চোখের বহিরাংশে ভালোভাবে পরুন এবং নিজের সাথে মানানসই করে নিন।

**4. Gloves**

- Extend to cover wrist of isolation gown.



**৪. গ্লাভস**

- গাউনের কব্জি পর্যন্ত ঢেকে যায় এমনভাবে গ্লাভস পরুন।

**5. Boots or shoe cover**

Put on rubber boots. If not available, wear shoe covers on closed, puncture proof and fluid resistant shoes.



**৫. বুট বা শ্যু কাভার**


- রাবারের জুতো পরুন। যদি না থাকে, তবে ছিদ্র বিহীন ও পানি ঢুকে না এমন বন্ধ জুতোর উপরে শ্যু কাভার পরুন।

## Removing (Doffing) PPE

**ব্যক্তিগত সুরক্ষা পোশাক যেভাবে খুলবেন**

### 1. Gloves

- Using a gloved hand,grasp the palm area of the other gloved hand and peel off first glove.
- Hold removed glove in gloved hand.
- Slide fingers of ungloved hand under remaining glove at wrist and peel off second glove over first glove.
- Discard gloved in a waste container.
- If hands are contaminated during gloves removal,immediately wash hands or use an alcohol-based hand sanitizer.




**১. গ্লাভস**

- যে কোন একটি গ্লাভস পরা হাত দিয়ে গ্লাভস পরা অপর হাতের তালুর মাঝখানে ধরে ঐ গ্লাভস টি খুলে ফেলুন।
- খুলে ফেলা গ্লাভসটি গ্লাভস পরে থাকা হাতের মুঠোতে রাখুন।
- গ্লাভস খোলা হাতের আঙ্গুল গ্লাভস পরা হাতের কব্জির গোড়ায় গ্লাভসএর ভিতর দিক দিয়ে ঢুকিয়ে দিন এবং এই গ্লাভসটিও টান দিয়ে খুলে ফেলুন।
- খুলে ফেলা গ্লাভস ময়লার পাত্রে ফেলুন।
- গ্লাভস খোলার সময় হাত নোংরা হলে সাথে সাথে হাত সাবান দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

### 2. Goggles / Face shield

- Remove goggles or face shield from the back by lifting head band or ear pieces.
- If the item is reusable put in a designated container for reprocessing. Otherwise discard in a waste container.
- If hands are contaminated during goggles or face shield removal, immediately wash hands or use an alcohol-based hand sanitizer.



**২. চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী**

- পিছন থেকে হেড ব্যান্ড বা ইয়ার পিস তুলে ধরে চশমা (গগলস) বা মুখ ঢাকার আবরণী খুলে ফেলুন।
- পুনঃব্যবহারযোগ্য হলে প্রক্রিয়াকরণের জন্য নির্ধারিত পাত্রে এগুলো রাখুন। না হলে, ময়লার পাত্রে ফেলে দিন।
- গগলস বা মুখ ঢাকার আবরণী খোলার সময় হাত নোংরা হলে সাথে সাথে হাত সাবান দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

### 3. Gown

- Unfasten gown ties, taking care that sleeves don't contact your body.
- Pull gown away from neck and shoulders, touching inside of gown only.
- Turn gown inside out.
- Fold or roll into a bundle and discard in a waste container.
- If hands are contaminated during gown removal, immediately wash hands or use an alcohol-based hand sanitizer



**৩. গাউন**

- গাউনের পিছনে বাধা দড়ি খুলে ফেলুন এবং খেয়াল রাখুন যেন গাউনের হাতার সাথে দেহের সংস্পর্শ না হয়।
- গাউনের শুধুই অভ্যন্তরভাগ স্পর্শ করে গলা ও কাঁধ থেকে গাউন খুলে ফেলুন।
- গাউনের ভিতরের পাশ বাইরের দিকে রাখুন।
- গাউনটি ভাঁজ করুন বা গোল করে বান্ডিল তৈরি করে ময়লার পাত্রে ফেলুন।
- গাউন খোলার সময় হাত নোংরা হলে সাথে সাথে হাত সাবান দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

### 4. Mask / respirator

- Grasp bottom ties or elastics of the mask / respirator, then the ones at the top, and remove without touching the front.
- Discard in a waste container.
- If hands are contaminated during mask / respirator removal, immediately wash hands or use an alcohol-based hand sanitizer.




**৪. মাস্ক বা রেস্পিরেটর**

- মাস্ক বা রেস্পিরেটরের নিচের ফিতা/ইলাস্টিক আগে খুলুন, পরে উপরের ফিতাটি খুলুন এবং মাস্ক বা রেস্পিরেটরের সামনের দিক স্পর্শ না করে এটি খুলে ফেলুন।
- ব্যবহৃত মাস্ক বা রেস্পিরেটর ময়লার পাত্রে ফেলুন।
- মাস্ক বা রেস্পিরেটর খোলার সময় হাত নোংরা হলে সাথে সাথে হাত সাবান দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

**5. Hand wash**

- Wash hands or use an alcohol-based hand sanitizer immediately after removing all PPE..




**৫. হাত ধোওয়া**

- ব্যক্তিগত সুরক্ষা পোশাক খোলার পর হাত সাবান দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

**Steps of removal and disposal of Personal Protective Equipment:**

- Go to the designated place for removal of PPE.
- Remove cap/ hair cover, mask and goggles.
- Remove laboratory coat and shoe cover with your gloves still on and dispose of in biohazard bag/ color coded bin. Then decontaminate with detergent water for 30 minutes (or 0.05% hypochlorite solution for 10 minutes) and send for autoclaving. After autoclaving, the waste will be disposed either by sanitary landfill or incineration.
- If wearing lab shoes, remove them (ideally using the boot remover) without touching them with your hands
- Dispose of used gloves
- Perform hand hygiene



**ব্যক্তিগত সুরক্ষা পোশাক খোলা এবং ফেলে দেওয়ার ধাপসমূহঃ**

- ব্যক্তিগত সুরক্ষা পোশাক খোলার জন্য নির্দিষ্ট স্থানে যেতে হবে।
- ক্যাপ, মাস্ক, গগলস খুলতে হবে।
- গ্লাভস পরে থাকা অবস্থায় ল্যাবরেটরী কোট ও শ্যু কাভার খুলতে হবে এবং তা বায়ো-হ্যাজার্ড ব্যাগ বা কালার কোডেড বিনে ফেলে দিতে হবে।
  এরপর ডিটারজেন্টযুক্ত পানিতে ৩০ মিনিট (অথবা ০.০৫% হাইপোক্লোরাইট দ্রবণ দিয়ে ১০ মিনিট) ভিজিয়ে রেখে সংক্রমণমুক্ত করতে হবে এবং অটোক্লেভিং-এর জন্য পাঠাতে হবে। অটোক্লেভিং-এর পর এ সকল দ্রব্য স্যানিটারী ল্যান্ডফিলে পুঁতে ফেলতে হবে বা পুড়িয়ে ফেলতে হবে।
- ল্যাবোরেটরীর জুতো পরে থাকলে তা হাত দিয়ে স্পর্শ না করে খুলে নিতে হবে (বুট রিমুভার দিয়ে করা ভালো) ।
- ব্যবহৃত গ্লাভসগুলো ফেলে দিতে হবে।
- সাবান পানি দিয়ে উপরে উল্লিখিত পদ্ধতিতে হাত সাবান পানি দিয়ে ধুতে হবে।

## How to put on, use, take off and dispose off a medical mask

## মেডিক্যাল মাস্ক পরিধান, ব্যবহার ও ব্যবহার শেষে ফেলবার পদ্ধতি



- Before putting on a medical mask, clean hands with sanitizer, hand rub or soap and water.
  মেডিক্যাল মাস্ক পরার আগে সাবান-পানি /স্যানিটাইজার/ হ্যান্ড রাব দিয়ে হাত পরিষ্কার করে নিতে হবে।
- Cover mouth and nose with medical mask and make sure there are no gaps between your face and the mask.
  মেডিক্যাল মাস্ক এমনভাবে পরতে হবে যেন মুখ ও নাকের সাথে মাস্কের কোন ফাঁক না থাকে।
- Avoid touching the medical mask while using it; if you do, clean your hands with sanitizer, hand rub or soap and water.
  মেডিক্যাল মাস্ক পরে থাকা অবস্থায় এটি স্পর্শ করা উচিত নয়। করে ফেললে সাবান-পানি /স্যানিটাইজার/ হ্যান্ড রাব দিয়ে হাত পরিষ্কার করে নিতে হবে।
- Replace the medical mask with a new one as soon as it is damp and do not re-use single-use masks.
  ভিজে যাওয়া মেডিক্যাল মাস্ক ফেলে দিতে হবে এবং একবার ব্যবহার করে খুলে ফেলা মাস্ক পুনর্ব্যবহার করা যাবেনা।
- To remove the mask: remove it from behind (do not touch the front of mask, touch the ribbons); discard immediately in a closed bin; clean hands with sanitizer, hand rub or soap and water.
  মেডিক্যাল মাস্ক খুলতে হলে পেছন থেকে খুলতে হবে (সামনের অংশ ছোঁয়া যাবেনা, ফিতা ধরে খুলতে হবে) এবং ঢাকনাওয়ালা ডাস্টবিনে ফেলতে হবে। সাবান-পানি /স্যানিটাইজার/ হ্যান্ড রাব দিয়ে হাত পরিষ্কার করে নিতে হবে।

## Using a medical mask

## মেডিক্যাল মাস্কের ব্যবহার

- When you are healthy, you need to wear a medical mask only if you are going to take care of a person with suspected COVID-19 infection.
  একজন সুস্থ ব্যক্তির তখনই মেডিক্যাল মাস্ক পরা উচিত যখন তিনি কোন অসুস্থ বা সন্দেহকৃত কোভিড-১৯ ব্যক্তির সেবা করছেন।
- Wear a medical mask if you are coughing or sneezing or suffering from any respiratory illness
  যদি কারো হাঁচি-কাশি হয় বা কেউ শ্বাসতন্ত্রের কোন কষ্টে ভুগতে থাকেন তবে তাকে মেডিক্যাল মাস্ক পরতে হবে।
- Medical masks are effective only when used in combination with frequent hand-cleaning with sanitizer, hand rub or soap and water.
  মেডিক্যাল মাস্ক ব্যবহার তখনই কার্যকর হবে যদি এর সাথে সাথে স্যানিটাইজার/ হ্যান্ড রাব বা সাবান-পানি দিয়ে দুই হাতের পরিচ্ছন্নতাও বজায় রাখা হয়।

## Quarantine & Isolation : Difference between them

**Isolation:** Isolation restricts the movement of ill persons to help stop the spread of certain diseases among healthy persons.

**Quarantine :** Quarantine means separating a person or group of people who have been exposed to a contagious disease but have not developed illness (symptoms) from others who have not been exposed in order to prevent the possible spread of that disease. For COVID--19, the period of quarantine is 14 days from the last date of exposure because 14 days is the longest incubation period seen for similar coronaviruses. In Bangladesh the health authority is also keeping the passengers coming back from abroad or in any other case where necessary quarantined for 14 days.

| | Isolation (*আইসোলেশন*) | Quarantine (*কোয়ারেন্টিন*) |
|---|---|---|
| **Used for** (*প্রযোজ্য*) | People who are ill with contagious diseases (সংক্রামক ব্যধি দ্বারা যারা আক্রান্ত) | People who have been exposed to a contagious disease, but are not sick (সংক্রামক ব্যক্তির সংস্পর্শে এসেছে কিন্তু অসুস্থ নন) |
| **Process** (*প্রক্রিয়া*) | Receive care for the disease, with precautions put into place (such as protective clothing for health care providers) to prevent the spread of the disease (রোগের চিকিৎসা করা হয়, সতর্ক ব্যবস্থাসহ (যেমনঃ স্বাস্থ্য সেবা কর্মী সুরক্ষা পোশাক পরবে) যেন রোগটি না ছড়ায় ) | Individuals are separated from others who have not been exposed to the disease, and can receive antibiotics, early diagnostic testing and symptom monitoring (যারা কোন সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছে, তাদের অন্য সুস্থ ব্যক্তিদের থেকে আলাদা রাখা হয় এদের এন্টিবায়োটিক দেয়া যেতে পারে, শারীরিক পরীক্ষা এবং লক্ষণ পর্যালোচনা করা যেতে পারে ) |
| **Length** (*সময়*) | • For symptomatic patients: 10 days after symptom onset, plus at least 3 additional days without symptoms (including without fever and without respiratory symptoms) (উপসর্গযুক্ত রোগীদের ক্ষেত্রে ঃ উপসর্গদেখা দেবার পর ১০ দিন যোগ উপসর্গবিহীন আরো ৩ দিন)<br>• For asymptomatic cases: 10 days after positive test for SARS-CoV-2. (উপসর্গহীন রোগীদের ক্ষেত্রে ঃ সার্স-কোভ-২ টেস্ট পজিটিভ আসার পর ১০ দিন)<br>• Also can continue with previous rule as “the initial recommendation of two negative PCR tests at least 24 hours” (পূর্বের নিয়মও অনুসরণ করা যেতে পারে অর্থাৎ ২৪ ঘন্টার ব্যবধানে পরপর ২টি টেস্ট নেগেটিভ আসা ) | Incubation period of the disease 14 days (রোগের সুপ্তিকাল ১৪ দিন) |
| **Location** (*স্থান*) | Hospital, Health care facility or patient’s home (হাসপাতাল, স্বাস্থ্যসেবাকেন্দ্র বা রোগীর বাড়ী) | Home, designated emergency facility or specialized facility (বাড়ী, নির্ধারিত জরুরী স্বাস্থ্যসেবা কেন্দ্র বা বিশেষায়িত কেন্দ্র) |

## কোয়ারেন্টিন ও আইসোলেশন ঃ এদের মাঝে পার্থক্য

**আইসোলেশনঃ** আইসোলেশন দ্বারা অসুস্থ ব্যক্তিদের চলাফেরা বন্ধ করা হয় যেন সংক্রামক রোগটি সুস্থ ব্যক্তিদের মাঝে ছড়িয়ে না পড়ে।

**কোয়ারেন্টিনঃ** ‘কোয়ারেন্টিন’-এর অর্থ হচ্ছে সেইসব সুস্থ ব্যক্তিদের, যারা কোন সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছে, তাদের অন্য সুস্থ ব্যক্তিদের থেকে আলাদা রাখা, তাদের গতিবিধি নিয়ন্ত্রণ করা এবং তারা ঐ সংক্রামক রোগে আক্রান্ত হয় কিনা একটা নির্দিষ্ট সময় পর্যন্ত তা পর্যবেক্ষণ করা। কোভিড-১৯ এর জন্য রোগের সুপ্তিকাল ১৪ দিন। কারন অন্যান্য করোনাভাইরাসের ক্ষেত্রে, দেখা গেছে ১৪ দিনই দীর্ঘতম সুপ্তিকাল। বাংলাদেশেও স্বাস্থ্য কর্তৃপক্ষ বিদেশ ফেরত অথবা অন্য যে ক্ষেত্রে প্রযোজ্য ব্যক্তিদের ১৪ দিন কোয়ারেন্টিন রেখেছে।

## Frequently asked questions

**1. When will you suspect that you are infected with coronavirus?**

• Within the last 14 days, if you have-
  - o Travelled to any affected country, or
  - o Come in contact with a coronavirus infected person
  - o And, if you experience any sign-symptoms like

    fever (≥ 100°F), sore throat, cough, difficulty in breathing

**2.Does antibiotic work on COVID-19?**

• Antibiotics work on Bacteria and COVID--19 is a viral diseases.

• As COVID-19 is a viral disease, antibiotics will not work here.

• But if someone is admitted to hospital being infected by COVID-19 can get antibiotic advised by the physician to treat co-infection

**3. Can someone who has been quarantined for COVID-19 spread the illness to others?**

Someone who has been released from COVID--19 quarantine is not considered a risk for spreading the virus to others because they have not developed illness during the incubation period.

**4. Can I receive parcel from any affected country?**

• Yes, it is safe.

• People receiving packages are not at risk of contracting the new coronavirus. From experience with other coronaviruses, we know that these types of viruses don't survive long on objects, such as letters or packages.

**5. Can COVID-19 be caught from a person who presents no symptoms?**

Understanding the time when infected patients may spread the virus to others is critical for control efforts. Detailed medical information from people infected is needed to determine the infectious period of COVID-19. According to recent reports, it may be possible that people infected with COVID-19 may be infectious before showing significant symptoms. However, based on currently available data, the people who have symptoms are causing the majority of virus spread.

**6. Can we eat eggs and meat of domestic animals?**

All food stuff including meat, eggs and fish should be well cooked prior to eating.

**7. Does the new COVID-19 affect older people, or are younger people also susceptible?**

• People of all ages can be infected by the COVID-19.

• Older people, and people with pre-existing medical conditions (such as asthma, diabetes, heart disease) appear to be more vulnerable to becoming severely ill with the virus.

• WHO advise people of all ages to take steps to protect themselves from the virus, for example by following good hand hygiene and good respiratory hygiene.

## বিবিধ প্রশ্নের উত্তর

**১। কখন সন্দেহ করবেন আপনি করোনাভাইরাসে আক্রান্ত?**

আপনি যদি গত ১৪ দিনের মধ্যে -

- কোন আক্রান্ত দেশ ভ্রমণ করে থাকেন, অথবা

- করোনাভাইরাসে আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন

এবং আপনার যদি-

জ্বর (১০০° ফারেনহাইট বা তার বেশি), কাশি, গলাব্যথা, শ্বাসকষ্ট ইত্যাদি উপসর্গ দেখা দেয়

**২। অ্যান্টিবায়োটিক কি কোভিড-১৯ এর চিকিৎসা বা প্রতিরোধে কার্যকরী?**

- অ্যান্টিবায়োটিক ভাইরাস-এর বিরুদ্ধে নয়, ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকরী।

- কোভিড-১৯ এক ধরণের ভাইরাস বিধায় এর চিকিৎসা বা প্রতিরোধে অ্যান্টিবায়োটিক ব্যবহার কোন কাজে আসবে না।

- তবে, যদি কেউ কোভিড-১৯ দিয়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন, তিনি চিকিৎসকের পরামর্শে ব্যাকটেরিয়া থেকে সহ-সংক্রমণের (co-infection) জন্য অ্যান্টিবায়োটিক পেতে পারেন।

**৩। কোভিড-১৯ এ কোয়ারেন্টিনকৃত ব্যক্তিও কি রোগ ছড়াতে পারেন?**

যিনি কোয়ারেন্টিন অবস্থা পেরিয়ে এসেছেন তাকে রোগ ছড়ানোর জন্য শঙ্কামুক্ত ভাবা যায় কারণ জীবাণুর সুপ্তাবস্থায় তার লক্ষণ ও উপসর্গ দেখা দেয় নি।

**৪। প্রাদুর্ভাবপূর্ণ দেশ থেকে আসা কোন চিঠি বা পার্সেল গ্রহণ করা কি নিরাপদ?**

- হ্যাঁ, নিরাপদ।

- ইতিমধ্যে পাওয়া তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আমরা জানি যে মানবদেহের বাইরে এই করোনাভাইরাস বেশিক্ষণ বাঁচে না। সুতরাং প্রাদুর্ভাবপূর্ণ দেশ থেকে আসা কোন চিঠি বা পার্সেল যদি কেউ গ্রহণ করেন তবে তিনি কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকিতে পড়বেন না।

**৫। যার লক্ষণ-উপসর্গ নেই তিনি কি কোভিড-১৯ ছড়াতে পারেন?**

একজন আক্রান্ত রোগী কত দিনের মধ্যে রোগ ছড়াতে পারবেন তা রোগ নিয়ন্ত্রণের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এজন্য কোভিড-১৯ আক্রান্ত রোগীদের আরো বিশদ তথ্য প্রয়োজন। সাম্প্রতিক নথিপত্রের ভিত্তিতে বলা যায় কোভিড-১৯ আক্রান্ত রোগী লক্ষণ প্রকাশের আগেই রোগ ছড়াবার সম্ভাবনা আছে। তবে এ পর্যন্ত প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় অধিকাংশ ক্ষেত্রেই সংক্রমণ ছড়িয়েছে উপসর্গযুক্ত রোগীদের কাছ থেকে ।

**৬। ডিম ও গবাদি পশুর মাংস কি খাওয়া যাবে?**

- মাংস, ডিম ও মাছ সহ সকল খাবার ভালভাবে রান্না করে খাবেন।

**৭। শুধু কি বয়স্করাই কোভিড-১৯ আক্রান্ত হবে, নাকি তরুণরাও ঝুঁকিতে?**

- যে কোন বয়সের ব্যক্তি কোভিড-১৯ দ্বারা আক্রান্ত হতে পারেন।

- বয়স্ক এবং যাদের আগে থেকে কোন অসুস্থতা (যেমন- অ্যাজমা, ডায়াবেটিস, হৃদরোগ) আছে, এমন ব্যক্তি করোনাভাইরাস দিয়ে আক্রান্ত হলে, তাদের গুরুতর অসুস্থ হওয়ার ঝুঁকি বেশি।

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা সব বয়সী মানুষকে ভাইরাস থেকে প্রতিরক্ষামূলক ব্যবস্থা (যেমন- হাতের পরিচ্ছন্নতা, শ্বাসতন্ত্রের স্বাস্থ্যবিধি) মেনে চলতে পরামর্শ দিচ্ছে।

**8. Do vaccines against pneumonia protect you against the COVID-19?**

• No. Vaccines against pneumonia, such as pnemococcal vaccine and Haemophilus influenza type b (Hib) vaccine, do not provide protection against the COVID-19.
• The virus is so new and it needs its own vaccine.
• Researchers are trying to develop a vaccine against COVID-19, and WHO is supporting their efforts.

**9. Can eating garlic help prevent infection with the COVID-19?**

There is no evidence from the current outbreak that eating garlic has protected people from the COVID-19.

**10. Does putting on sesame oil block the new coronavirus from entering the body?**

• No. Sesame oil does not kill the new coronavirus.
•There are some chemical disinfectants that can kill the COVID-19on surfaces. These include bleach/chlorine-based disinfectants, ether solvents, 75% ethanol, peracetic acid and chloroform. However, they have little or no impact on the virus if you put them on the skin or under your nose. It can even be dangerous to put these chemical on your skin.

**11. Can gargling mouthwash protect you from infection with the COVID-19?**

No. There is no evidence that using mouthwash will protect you from infection with the new coronavirus. Some brands of mouth-wash can eliminate certain microbes for a few minutes in the saliva in your mouth. However, this does not mean they protect you from COVID-19 infection.

**12. Can regularly rinsing your nose with saline help prevent infection with the COVID-19?**

• No. There is no evidence that regularly rinsing of the nose with the saline has protected people from infection with the COVID-19.
• There is some limited evidence that regularly rinsing the nose with the saline can help people recover more quickly from the common cold. However, regularly rinsing the nose has not been shown to prevent respiratory infection.

**13.Are hand dryers / ultraviolet disinfection lamp effective in killing the COVID-19?**

• No. Hand dryers are not effective in killing the COVID-19.
• UV lamps should not be used to sterilize hands or other areas of skin as UV radiation can cause skin irritation.
• Once your hands are cleaned, you should dry them thoroughly by using paper towels or a warm air dryer.

**14.Can spraying alcohol or chlorine all over your body kill the COVID-19?**

• No. Spraying alcohol or chlorine all over your body will not kill viruses that have already entered your body.
• Spraying such substances can be harmful to clothes or mucous membranes (i.e. eyes, mouth). Be aware that both alcohol and chlorine can be useful to disinfect surfaces, but they need to be used under appropriate recommendations.

**৮। কোভিড-১৯ প্রতিরোধে নিউমোনিয়া ভ্যাকসিনের কোন ভূমিকা রয়েছে কি?**

- না, নিউমোনিয়া ভ্যাকসিন কোভিড-১৯ প্রতিরোধে কার্যকরী নয়।
- কোভিড-১৯ সম্পূর্ণ নতুন ধরনের ভাইরাস হওয়ায় এর জন্য আলাদা ভ্যাকসিন প্রয়োজন হবে।
- বর্তমানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় গবেষকরা এই ভ্যাকসিন তৈরির কাজ করে যাচ্ছেন।

**৯। রসুন খাওয়া কি কোভিড-১৯ এর সংক্রমণ প্রতিরোধে কাজ করবে?**

- কোভিড-১৯ বিরুদ্ধে রসুন কার্যকর- এমন কোন প্রমাণ এখনো পাওয়া যায়নি।

**১০। তিলের তেল মাখলে কি শরীরে কোভিড-১৯ প্রবেশ করবে না?**

- তিলের তেল কোভিড-১৯ কে ধ্বংস করে না।
- কিছু রাসায়নিক জীবাণুনাশক যেমন- বিচ/ক্লোরিন-ভিত্তিক জীবাণুনাশক, ইথার দ্রবণ, ৭৫% ইথানল, প্যারাসেটিক অ্যাসিড, ক্লোরোফর্ম ইত্যাদি কোন বস্তুর উপরিভাগ থেকে কোভিড-১৯ কে মেরে ফেলতে সক্ষম।

**১১। মাউথওয়াশ দিয়ে গার্গল করলে কি কোভিড-১৯ থেকে সুরক্ষিত থাকা যাবে?**

- না। মাউথওয়াশ ব্যবহার করলে কোভিড-১৯ থেকে সুরক্ষিত থাকা যাবে এমন প্রমাণ এখনও পাওয়া যায়নি। কোন কোন মাউথওয়াশ হয়ত কিছুক্ষণের জন্য আপনার লালায় থাকা অন্যান্য জীবাণুকে মেরে ফেলতে সক্ষম। কিন্তু তার ফলে যে কোভিড-১৯ থেকে সুরক্ষিত থাকা যাবে তার নিশ্চয়তা নেই।

**১২। স্যালাইন দিয়ে নিয়মিত নাক পরিষ্কার করে কি কোভিড-১৯ এর সংক্রমণ প্রতিরোধ করা সম্ভব?**

- না। স্যালাইন দিয়ে নিয়মিত নাক পরিষ্কার করলে কোভিড-১৯ সংক্রমণ থেকে রক্ষা পাওয়া সম্ভব এমন কোন নিশ্চিত প্রমাণ এখনও পাওয়া যায়নি।
- দেখা গেছে, স্যালাইন দিয়ে নিয়মিত নাক পরিষ্কার করলে সাধারণ ঠান্ডা থেকে দ্রুত উপশম হয়। কিন্তু এর ফলে শ্বাসতন্ত্রের সংক্রমণ প্রতিরোধ হয় কি না তা জানা যায়নি।

**১৩। 'হ্যান্ড ড্রায়ার' / আল্ট্রা-ভায়োলেট জীবাণুনাশক ল্যাম্প কি কোভিড-১৯ ধ্বংসে কার্যকরী?**

- না, 'হ্যান্ড ড্রায়ার' কোভিড-১৯ ধ্বংসে কার্যকরী নয়।
- হাত বা শরীরের অন্য কোন অংশ জীবাণুমুক্ত করার জন্য আল্ট্রা-ভায়োলেট ল্যাম্প ব্যবহার করা উচিৎ নয়। এর ব্যবহারে ত্বকে সমস্যা তৈরী হতে পারে।
- হাত পরিষ্কারের পর টিস্যু/ পরিষ্কার কাপড় দিয়ে হাত ভালভাবে মুছে বা উষ্ণ 'এয়ার ড্রায়ার' দিয়ে হাত ভালভাবে শুকিয়ে ফেলুন।

**১৪। সারা গায়ে অ্যালকোহল বা ক্লোরিন ছিটিয়ে কি কোভিড-১৯ মেরে ফেলা সম্ভব?**

- না, কোভিড-১৯ ভাইরাস শরীরে প্রবেশ করে ফেলার পর সারা গায়ে অ্যালকোহল বা ক্লোরিন ছিটিয়ে একে মেরে ফেলা সম্ভব নয়।
- অ্যালকোহল বা ক্লোরিন জীবাণুনাশক হলেও যথোপযুক্ত নির্দেশনা ছাড়া এগুলো ব্যবহার করা উচিৎ নয়। এ সকল পদার্থ চোখ-মুখ ইত্যাদিসহ কাপড়ের জন্য ক্ষতির কারণ হতে পারে। এ সকল জীবাণুনাশক ব্যবহারে সতর্ক হউন।

**15. Is the mask a medical waste?**

No. If it is used by the public in general, it is not medical waste but health workers at the hospital should dispose of it as a medical waste when visiting patients or collecting samples or during any medical work or during corpse management. See waste management part.

**16. Can the virus live on the surface of foods (including fruits and vegetables, frozen foods, pre-packaged foods)?**

Coronaviruses cannot multiply in food – they need a live animal or human host to multiply and survive

**17. How to wash fruits and vegetables? Just with water, or something else?**

Washing fruit and vegetables with potable water is sufficient:

**18. Can the virus live on the surface of food packaging? How long? Is it necessary to disinfect?**

It is not necessary to disinfect food packaging materials, but hands should be properly washed after handling food packages and before eating.

**19. What precautions should consumers take in grocery stores?**

Consumers should maintain a safe physical distance of at least one meter from all other shoppers and staff while queuing before entering the store and while shopping in the store. If a trolley or basket is used while shopping, sanitize the handle before and after use. Hands should be sanitized before entering the store. Practice good coughing/sneezing etiquette while in the store. Avoid touching mouth, nose or eyes during shopping. Minimise direct hand contact with food by using available tongs and serving utensils. Use contactless payment rather than cash/notes (where feasible).

**20. Is it still safe to go to food markets? Animal markets? Wet markets?**

It should be safe provided it is possible to maintain a safe physical distance of at least one metre from all other shoppers and staff, it is possible to wash/sanitize hands, and that Good Manufacturing Practices and Good Hygienic Practices (GMP/GHP) standards are maintained in the market. For more recommendations on how to minimise the risk of transmission of emerging pathogens in wet markets, see the WHO recommendations to reduce risk of transmission of emerging pathogens from animals to humans in live animal markets or animal product markets.

**১৫। মাস্ক কি মেডিকেল বর্জ্য?**

- না। জনসাধারণের ব্যবহৃত (চিহ্নিত/রেডজোন ব্যতীত সাধারণ এলাকায় বসবাসরত) মাস্ক মেডিকেল বর্জ্য নয় কিন্তু হাসপাতালে স্বাস্থ্যকর্মীরা রোগী দেখা বা নমুনা সংগ্রহ বা অন্য কোন চিকিৎসা কাজের সময় অথবা মৃতদেহ ব্যবস্থাপনার কালে পরিহিত মাস্ক ফেলে দেবার সময় মেডিকেল বর্জ্য হিসেবে ফেলতে হবে।

**১৬। কোভিড-১৯ এর জীবাণু কি খাবারের গায়ে (ফল, সবজি, হিমায়িত খাবার, প্যাকেটকৃত খাবার) বেঁচে থাকতে পারে?**

- করোনাভাইরাস খাবারের পৃষ্ঠতলে বংশবৃদ্ধি করতে পারেনা; তাদের তাদের বেঁচে থাকার জন্য জীবন্ত প্রাণী বা মানুষ প্রয়োজন হয় আশ্রয়দাতা হিসেবে।

**১৭। ফল ও সবজি কিভাবে ধোয়া উচিত? শুধু পানি না আরো কিছু?**

- ফল ও সবজি পানযোগ্য নিরাপদ পানিতে ধুয়ে নেয়াই যথেষ্ট।

**১৮। খাবারের প্যাকেটের ওপর করোনাভাইরাস বেঁচে থাকতে পারে কি? কতক্ষণ? জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করা কি আবশ্যক?**

- খাবারের প্যাকেট জীবাণুমুক্ত করা অনাবশ্যক, কিন্তু প্যাকেট ধরার পর ও খাবার গ্রহণের আগে হাত যথাযথভাবে ধুয়ে নিতে হবে।

**১৯. মুদি দোকানে ভোক্তারা কি ধরনের সাবধানতা অবলম্বন করবেন?**

- দোকানে প্রবেশের সময় বা ভেতরে অন্যান্য ক্রেতা ও বিক্রয়কর্মীদের কাছ থেকে কমপক্ষে ১ মিটার দূরত্ব বজায় রেখে চলতে হবে। যদি কোন ঝুড়ি বা ট্রলি ব্যবহার করতে হয় তবে ব্যবহারের আগে ও পরে হাতগুলো জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করে নিতে হবে।
দোকানে ঢোকার আগে হাত স্যানিটাইজ করে নিতে হবে। দোকানে অবস্থানকালে কাশি শিষ্টাচার মেনে চলতে হবে। কেনাকাটার সময় মুখ, নাক, চোখে হাত দেয়া থেকে বিরত থাকতে হবে। খাদ্য সামগ্রী সরাসরি স্পর্শ থেকে যথাসম্ভব বিরত থেকে চামচ চিমটা ইত্যাদি ব্যবহার করতে হবে। সম্ভব হলে কাগুজে নোট এড়িয়ে স্পর্শহীন উপায়ে মূল্য পরিশোধ করতে হবে।

**২০. খাদ্যসামগ্রীর বাজারে যাওয়া কি এখন নিরাপদ? প্রাণীর বাজারে? ভেজা খাবার (মাৎস্য) বাজারে?**

- যদি মার্কেটে সকল কর্মী ও ক্রেতাদের কাছ থেকে ন্যূনতম ১ মিটার দূরত্ব বজায় রাখা যায়, হাত ধোয়া/ জীবাণুমুক্ত করা যায়, যথাযথ প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা ও যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা যায় তাহলে বাজারে যাওয়া নিরাপদ। আরো বিস্তারিত জানতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা গুলো দেখে নিন।

## *How can I keep myself safe?*



- Wash your hands frequently with soap and water or hand sanitizer
- Maintain cough etiquette. When coughing and sneezing, cover mouth and nose with flexed elbow or tissue – discard tissue immediately into a closed bin and clean your hands with soap and water or hand sanitizer.
- Avoid touching eyes, nose and mouth as far as possible
- Avoid close contact with healthy persons if you have respiratory symptoms like fever, cough, sore throat, breathing difficulty
- Human to human transmission has been confirmed; anyone travelling to an outbreak area can be infected by it. Therefore, avoid all non-essential travels to any affected country/ place

## *Things to do if you get symptoms or suspect*

If you get any symptoms or suspect (fever/cough/sneeze/breathing difficulty) and have the history of travelling any COVID-19 infected area or have met any COVID-19 infected personr within past 14 days.

Please contact IEDCR through hotline. Detail your travel history correctly to physician.

## IEDCR HOTLINES

IEDCR **10655** Or ***info@iedcr.gov.bd***

## *আমি কিভাবে নিজেকে নিরাপদ রাখব?*

- ঘন ঘন দুই হাত পরিষ্কার করুন (সাবান-পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে)
- কাশি শিষ্টাচার মেনে চলুন। হাঁচি-কাশি দেয়ার সময় টিস্যু দিয়ে বা বাহুর ভাঁজে নাক-মুখ ঢেকে রাখুন, সাথে সাথে ঢাকনা যুক্ত পাত্রে টিস্যু ফেলে দিন এবং দুই হাত পরিষ্কার করে ফেলুন
- যতদূর সম্ভব চোখে-নাকে-মুখে হাত দিয়ে স্পর্শ করা থেকে বিরত থাকুন
- আপনার যদি জ্বর/ কাশি/ শ্বাসকষ্ট থাকে তবে সুস্থ ব্যক্তিদের কাছ থেকে দূরে থাকুন
- এ রোগ মানুষ থেকে মানুষে ছড়াতে পারে, উপদ্রুত এলাকায় ভ্রমণের সময় যে কেউ এই ভাইরাসে আক্রান্ত হতে পারে। সুতরাং একান্ত অত্যাবশ্যকীয় কারণ ছাড়া বিদেশ/আক্রান্ত এলাকা ভ্রমণ এড়িয়ে চলুন।

## *উপসর্গ দেখা দিলে বা সন্দেহ হলে করণীয়*

আপনার যদি ***জ্বর/ কাশি/ শ্বাসকষ্ট*** থাকে ও আপনি যদি গত ১৪ দিনের মধ্যে কোভিড-১৯ আক্রান্ত কোন এলাকায় ভ্রমণ করে থাকেন অথবা কোভিড-১৯ আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন তবে দেরি না করে আইইডিসিআর হটলাইনে যোগাযোগ করুন। ডাক্তারের সাথে কথা বলার সময় আপনার ভ্রমণের বিস্তারিত ও সঠিক ইতিহাস উল্লেখ করুন।

## *আইইডিসিআর হটলাইনে যোগাযোগ করুন*

IEDCR ***১০৬৫৫*** *অথবা* ***info@iedcr.gov.bd***


**Advisory Board**

Chief of Advisory Board
Prof Abul Kalam Azad
*Director General of Health Services (DGHS)*

Members
Prof Syed Shariful Islam
*Bangabandhu Sheikh Mujib Medical University*
Dr. Tanvir Ahmed
*Ministry of Health and Family Welfare*
Dr. Tarit Kumar Shaha
*Institute of Public Health*

**Editorial Board**

Chairperson
Prof Dr. Meerjady Sabrina Flora
*Institute of Epidemiology Disease Control & Research ( IEDCR )*

Editor in Chief
Prof Dr. Mamunar Rashid, *IEDCR*

Members
Dr Md Iqbal Kabir
*Planning and Research, DGHS*
Dr. Md. Habibur Rahman
*Management Information System, DGHS*
Prof Dr Md Moktel Hossain
*Dhaka Medical College*
Md Abdul Aziz
*Health Education Bureau, DGHS*
Prof Dr. Tahmina Shirin, *IEDCR*
Dr. M Salim uzzaman, *IEDCR*
Prof Dr. Mahmudur Rahman
*Academician*
Dr. Firdausi Qadri, *icddr,b*
Dr. Michael S Friedman
*US CDC - Dhaka*
Dr. Mahfuzar Rahman, *BRAC*

Managing Editor
Dr. Natasha Khurshid, *IEDCR*

Design & Pre-press Processing
Shohag Datta, *IEDCR*